**Solve** কাদের কেবলমাত্র কাতর রব তোলে। যাবে কোথায়? শখ করে কি এখানে এসে উঠেছি? সদলবলে সাব-ইনস্পেক্টর ফিরে গিয়ে না-হক না বে-হক না-ভালো না-মন্দ গোছের ঘোর-ঘোরাল রিপোর্ট দেয় যার মর্মার্থ উদ্ধারের ভয়েই হয়তো ওপরওয়ালা তা ফাইল চাপা দেয়া শ্রেয় মনে করে। অথবা বুঝতে পারে, এই হুজুগের সময় অন্যায়ভাবে বাড়ি দখলের বিষয়ে সরকারি আইনটা তেমন পরিষ্কার বোঝা যাচ্ছে না।

## ইংরেজি

**04. Write a paragraph on "National Tourism and the COVID-19 Outbreak" by recalling the relevant unit from your textbook.**

**Solve** Covid-19 (Corona Virus disease) is an infectious disease caused by the SARS-COV-2 Virus. It was first identified in Chaina on 31st December 2019 & in BD on 8th March 2020. Still now, this pandemic situation has not gone wholly. For this dangerous disease, Bangladesh has faced much difficult situation. Many sectors of BD have been damaged for this disease. One of the most flourishing sectors of Bangladesh is tourism industry. Our National Tourism industry has been hampered a lot for this pandemic situation. Some many important tourist places such as Kuakata (the Sagar Kannya), Sundarbans (the largest mangrove forest in the world), Cox's Bazar, (The world's biggest sea beach) are being damaged through this pandemic situation. The Covid-19 has several negative impacts on the tourism industry including the noticeable losses of revenue, a huge number of cuts off of jobs and closing the operation of businesses both permanently & temporarily. For the Covid-19 Outbreak, the travellers & tourists are also being deprived of getting natural elegance. It is totally impossible to get overcome this pandemic condition quickly but it is a matter of hope that our government has taken some strategies and for this our national tourism has begun to return to its former form. I think this industry will be able to add national revenue & give pleasure to general people very soon.

**05. Fill in each gap of the following passage with appropriate word(s) from the box given below:**

| | | |
|---|---|---|
| **being** | **existence** | **productively** |
| **persuasively** | **counting** | **realize** |
| **questioned** | **thought of** | **adjusted** |

Education can be —— as the transmission of values and knowledge from one generation to another in society. One —— purpose of education is to make people —— what it is to be a human ——. It also aims to teach a person to live morally, creatively, and —— in a democratic society.

**Solve** Education can be **thought of** as the transmission of values and knowledge from one generation to another in society. One **adjusted** purpose of education is to make people **realize** what it is to be a human **being**. It also aims to teach a person to live morally, creatively, and **productively** in a democratic society.

**06. Add Five more sentence to complete the following story:**

I'm Shubho. I'm 18 years old. I'm a passionate lover of folk music. I don't mind while my friends call me melomaniac. I dream to visit different parts of Bangladesh and I want to experience the taste of local folk music of those areas. If I get the opportunity to study at the University of Dhaka, I will take folk music as a part of my co-curricular activity. Therefore I am making up a plan that includes many things.

**Solve** I will go to the different places and I will collect Baul, Bhatiyali, Murshidi, Marfati etc. I will also try to get chorus which include Kavigan, Leto, Gambhira etc. It is known to all that Bangladesh is a land of music. I like our folk music very much these songs tell the tales of heart. I want to contribute to improve & circulate of Bangladeshi folk songs.

ঢাকা বিশ্ববিদ্যালয়
১ম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০১৯-২০
B-ইউনিট
পূর্ণমান-৪০

## বাংলা

**01. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলো (ক-ঘ) উত্তর দাওঃ**

রাস্তায় একটা রিকশা নাই। তা রিকশার পরোয়াও সে এখন করছে না্ রেইনকোটের ভেতরে হাঁটতে হাঁটতে বাসস্ট্যান্ড যেতে তার কোনো অসুবিধা হবে না। রেইনকোটের ওপর বৃষ্টি পড়ছে অবিরাম। কী মজা, তার গায়ে লাগে না একটি ফোঁটা। টুপির বারান্দা বেয়ে পানি গড়িয়ে পড়লে কয়েক ফোঁটা সে চেটে দেখে। ঠিক পানসে স্বাদ নয়, টুপির তেজ কি পানিতেও লাগল নাকি। তাকে কি মিলিটারির মতো দেখাচ্ছে? পাঞ্জাব আর্টিলারি, না বালুচ রেজিমেন্ট, না কমান্ডো ফোর্স, নাকি প্যারা মিলিটারি, নাকি মিলিটারি পুলিশ,- ওদের তো একেক গুষ্টির একেক নাম, একেক সুরত। তার রেইনকোটে তাকে কি নতুন কোনো বাহিনীর লোক বলে মনে হচ্ছে? হোক। সে বেশ হনহন করে হাঁটে। শেষ-হেমন্তের বৃষ্টিতে বেশ শীত-শীত ভাব। কিন্তু হনহন করে হাঁটে। শেষ- প্রান্তরে বৃষ্টিতে বেশ শীত-শীত ভাব। কিন্তু রেইনকোটের ভিতরে কী সুন্দর ওম। মিন্টুটা এই রেইনকোট রেখে গিয়ে কী ভালোই যে করেছে।

ক. 'টুপির তেজ' বলতে অনুচ্ছেদে কী বোঝানো হয়েছে?
খ. অনুচ্ছেদে ব্যবহৃত 'গুটি' 'সুরত'-শব্দ দুটি পাকিস্তানি বাহিনীর প্রতি কথকের বিশেষ দৃষ্টিভঙ্গির পরিচয় বহন করে। কীভাবে?
গ. 'মিন্টুটা এই রেইনকোট রেখে গিয়ে কী ভালোই যে করেছে।' উক্তিটির তাৎপর্য কী?
ঘ. অনুচ্ছেদটিতে 'রেইনকোট' কিসের প্রতীক হয়ে উঠেছে- তা সংক্ষেপে লেখ।

**Solve** (ক) গল্পকার আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্পের আলোকে প্রশ্নগুলোর উত্তর দেওয়া হলো−

গল্পকথক নুরুলহুদা প্রিন্সিপালের তলবে বাসা থেকে বের হন কলেজে যাওয়ার জন্য। যেসময় ' বৃদ্ধি হয় বলে তাঁর বউ মুক্তিযোদ্ধা মিন্টুর (নুরুল হুদার শ্যালক) রেইনকোট বের করে তাঁকে পড়তে দেন। তিনি রেইনকোট পড়ে বের হলে বৃষ্টি ফোটা টুপি বেয়ে পড়ার সময় তিনি এক ফোটা জিহ্বায় পড়লে লক্ষ্য করেন যে পানির স্বাদ পানসে নেই। তা রেইনকোটের গরমে এবং গন্ধে বিকৃত স্বাদের হয়েছে। তখন তাঁর মনে হয় রেইনকোট পড়ে বুঝি তাঁকে মিলিটারির মতো লাগছে। টুপির তেজ বলতে সাধারণত লেখক বর্বর মিলিটারির নৃশংসতা, তেজ ও বর্বরতাকে বুঝিয়েছে।

**Solve** (খ) রেইনকোট গল্পের ' ওদের তো একেক গুষ্টির একেক নাম, একেক সুরত' বাক্যটি দিয়ে অবজ্ঞতার সুরে পাকিস্তানি হানাদারদের পরিচয় দিয়েছেন। পাকিস্তানিরা ১৯৭১ সালে বিভিন্ন গ্রুপে ভাগ হয়ে এদেশের মানুষকে নির্বিচারে হত্যা করে। তাদের মধ্যে কারো কারো নাম ছিল পাঞ্জাব আর্টিলারি, বালুচ রেজিমেন্ট, কমান্ডো ফোর্স, প্যারা মিলিটারি, মিলিটারি পুলিশ ইত্যাদি। তাদের বিভিন্ন গ্রুপের পোশাক, অস্ত্রসস্ত্র এবং কাজের মধ্যে ছিল বৈচিত্র। কেউ কেউ গ্রেনেড, পিস্তল, রাইফেল, বেয়নেট দিয়ে মানুষ মারত। বিভিন্ন দল বিভিন্ন উপায়ে মানুষ হত্যা করত তাই লেখক প্রশ্নোক্ত উক্তিটি করেছেন।

**Solve** (গ) মিন্টুটা এই রেইনকোট রেখে গিয়ে কী ভালোই যে করেছে।" উক্তিটি দ্বারা গল্পকথক নিজেকে ভাগ্য সুপ্রসন্ন মনে করেছেন। তার মনে হচ্ছিল মিন্টুর রেইনকোট তার জন্য আর্শীবাদস্বরূপ।

গায়ে রেইনকোটটি থাকায় সে রিকশার পরোয়া করেনা। হনহন করে চলে যায় বাসস্ট্যান্ডের দিকে বাস ধরার জন্য। আবার রেইনকোট পড়ার জন্য সুবিধা হলো তাকে দেখতে মনে হচ্ছিলো মিলিটারি গোত্রের তাই সে চোর, বাটপারদের থেকে নিরাপদে থাকে। এছাড়াও রেইনকোট গায়ে থাকায় শেষ হেমন্তের বৃষ্টির শীতশীত ভাব থেকে সে রক্ষা পায়। রেইনকোটের ভিতরে সে ওম অনুভব করে। উপযুক্ত বিষয়গুলো মনে করেই নুরুলহুদা প্রশ্নোক্ত উক্তিটি করেন।

**Solve** (ঘ) প্রশ্নোক্ত অনুচ্ছেদে রেইনকোট সাহসের প্রতীক হয়ে উঠেছে। রেইনকোট গায়ে থাকায় জনাব নুরুল হুদাকে রিকশার জন্য অপেক্ষা করতে হয়নি। রিকশার পরোয়া না করেই সে বাসস্ট্যান্ডের দিকে হাঁটা দেয়। আবার রেইনকোটের টুপি বেয়ে পানি পড়লে তা সে চেটে খায়। সে অনুভব করে পানির স্বাদ পানসে নয়। পানিতেও টুপির তেজ বা গরম লেগেছে। তখন নুরুল হুদা নিজেকে আরো সাহসী মনে করে। মুক্তিযোদ্ধা মিন্টুর সাহস তাঁর মধ্যে সঞ্চার হয় এবং সে নিজেকে মিলিটারি বাহিনীর সাথে তুলনা করে। মিলিটারির প্রতি তাঁর ভয় দূর হয়।

**02. সপ্রসঙ্গ উদ্ধৃতি ব্যাখ্যা কর:**

ক. 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।"
খ. "তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান,
সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ।'

**Solve** **(ক)** "মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।"

- **উৎস:** প্রশ্নোক্ত উদ্ধৃতিটি প্রাবন্ধিক মোতাহের হোসেন চৌধুরী রচিত 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে।
- **প্রসঙ্গ:** মানুষের জীবন যে পশুর জীবনের থেকে মূল্যবান তা বোঝানোর জন্যই লেখক প্রশ্নোক্ত বাক্যটি লিখেছেন।
- **ব্যাখ্যা:** প্রাণ থাকলেই প্রাণী হওয়া যায়। কিন্তু মন না থাকলে মানব হওয়া যায় না। প্রাণীর বৃদ্ধি ঘটে শুধু শরীরে তবে মানুষের বৃদ্ধি ঘটে দুইভাবে। এক দৈহিক দুই মানবিক বা আত্মিক। আত্মিক গুণাবলির জন্যই মানুষ অন্য সকল প্রাণীর থেকে উন্নত।

**Solve** **(খ)** "তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান, সকল শাস্ত্রে খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ।"

- **উৎস:** প্রশ্নোক্ত চরণ দুটি কবি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতা থেকে নেওয়া হয়েছে

- **প্রসঙ্গ:** এখানে কবি প্রাণধর্ম ও মানব ধর্মের জয়গান গাইতে গিয়ে উক্ত চরণ দুটি লিখেছেন।
- **ব্যাখ্যা:** মানুষ তার আত্মাকে স্বচ্ছ করলে, পা, পঙ্কিলতা থেকে মুক্ত রাখলেই কেবল তার মধ্যে মানবিকতার জন্ম হবে। মনকে প্রশস্ত করলে মানুষ অন্যের প্রতি সমানুভুতি ও মমত্ববোধ দেখাতে পারে। আর পৃথিবীর সকল ধর্মগ্রন্থেই মানবতা, ভ্রাতৃত্ববোধ, সহানুভূতি, মানবপ্রেম সর্বোপরি ভালোবাসার কথা বলা হয়েছে। তাই কবি বলেছেন প্রাণ যদি স্বচ্ছ হয়, তাহলে আর কোন ধর্মগ্রন্থ, শাস্ত্র অনুসরণ করতে হয় না।

**03. বঙ্গানুবাদ কর:**

Kuakata is one of the unique tourist spots in Bangladesh. It allows a visitor to watch both the sunrise and the sunset from the beach and that perhaps makes Kuakata one of the world's most attractive beaches. The long and wide beach at Kuakata has a typical natural setting It is also a holy land for several religious coummunities. Each year thousands of devotees come here to attend various festivals.

**Solve** কুয়াকাটা বাংলাদেশের অন্যতম একটি অনন্য পর্যটন কেন্দ্র এটি দর্শনার্থীকে সৈকত থেকে সূর্যোদয় ও সূর্যাস্ত উভয়ই দেখার সুযোগ দেয় এবং এটি সম্ভবত কুয়াকাটাকে বিশ্বের অন্যতম আকর্ষণীয় সমুদ্র সৈকতে পরিণত করে। কুয়াকাটা দীর্ঘ এবং প্রশস্ত সৈকতের একটি নান্দনিক প্রাকৃতিক পরিবেশ রয়েছে। এটি বেশ কয়েকটি ধর্মীয় সম্প্রদায়ের জন্য একটি পবিত্র ভূমি। প্রতি বছর হাজার ভক্ত বিভিন্ন উৎসবে যোগ দিতে এখানে আসেন।

**04. বাক্য গঠন কর:**

তপোবন, সমীচীন, অবিনাশী, মুল্যবোধ, বাতায়ন

**Solve** তপোবন-রবীন্দ্রনাথ ঠাকুর একজন তপোবনপ্রেমিক।

- সমীচীন- পরধর্মকে অবজ্ঞা করা সমীচীন নয়।
- অবিনাশী- ভালোবাসার ন্যায় অবিনাশী অস্ত্র আর কোথাও নেই।
- মূল্যবোধ- মূল্যবোধগুণে মানুষ শ্রেষ্ঠ জীব।
- বাতায়ন-বাতায়নে চাঁদ দেখা যায়।

## ইংরেজি

**05. Write a paragraph by analyzing the significance of Bangabandhu Sheikh Mujibur Rahman's Historic Speech of 7th March 1971.**

**Solve** The Historic 7th March Speech of Bangabandhu is a speech delivered by the founding father of Bangladesh, Sheikh Mujibur Rahman, at the then Ramna Racecourse Ground (now Suhrawardy Udyan) in Dhaka to a gathering of a huge number of people on the 7th March of 1971. It was the core inspiration of our liberation war. During the speech, Bangabandhu declared in a thunderous voice that "The struggle, this time, is for our freedom; the fight, this time, is for our independence." It was delivered during a period of escalating tensions between East (now Bangladesh) and West Pakistan. Pakistani military rulers refused to transfer the power to Bangabandhu, whose party Awami League gained the majority by winning 167 of the 169 seats allotted to East Pakistan and a majority of the 313 seats in the National Assembly in the general election of 1970. The Bangalees were already in destitute due to the economic favoritism practised by the West Pakistani rulers for 23 years. The speech inspired them to prepare for a war of independence amid widespread reports of armed mobilisation by West Pakistan. The Bangladesh Liberation War began 18 days later, when the Pakistan Army launched 'Operation Searchlight' against Bengali civilians, intellectuals, students and politicians. On the 30th October 2017, UNESCO recognized the speech as a part of world's documentary heritage.

**06. Fill in each gap of the following passage with appropriate word(s) from the basket given below:**

| pollutes | discharges | waste |
|---|---|---|
| free | toxic | dumped |
| since | paid back | because of |

Dhaka city —— the bounty of the river Buriganga by sucking life out of it. According to newspaper report, the Buriganga is dying —— pollution. Huge quantities of —— chemicals are —— into the river every day. The city ——— about 4500 tons of solid wastte every day and most of it is directly released into this river.

**Solve** Dhaka city **Paid back** the bounty of the river Buriganga by sucking life out of it. According to newspaper report, the Buriganga is dying **because of** pollution. Huge quantities of **toxic** chemicals are **dumped** into the river every day. The city **discharges** about 4500 tons of solid wastte every day and most of it is directly released into this river.

**07. Make sentence with each of the following words: Heritage, Empowerment, Hospitality, Fascination, Integrate.**

**Solve**

- Heritage = The Sundarbans is a world's heritage.
- Empowerment = Woman empowerment is very needed for Bangladesh.
- Hospitality = They were glad by their hospitality.
- Fascination = Fascination is a thing which can be danger.
- Integrate = We should integrate all the notes.

**ঢাকা বিশ্ববিদ্যালয়**
**১ম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০২১-২২**
বিভাগ পরিবর্তন

**D-ইউনিট**
**পূর্ণমান-৪০**

## বাংলা

**01. নিচের অংশটুকু বাংলায় অনুবাদ কর:**

The streets are my home. I used to collect trash and sell it to a vendor. I stopped doing that after I had a serious infection and a doctor told me to stay away from the trash dump. Once I worked for an ice cream shop owner and sold ice cream on the beach. But I got no money in return. The owner of the shop gave me something to eat and let me sleep in his hut at night. The work was difficult and painful. The ice cream box is quite heavy when it is full. I had to work for hours, offring my ice cream to whoever wanted to buy. There were days when I could not even sell one ice cream.

**Solve** ফুপটপাতই আমার বাড়ি। আমি টোকাইয়ের কাজ করি এবং ময়লা কুড়িয়ে বিক্রি করি। মারাত্মকভাবে সংক্রমিত হবার পর একজন ডাক্তার আমাকে ময়লার ভাগাড় থেকে দূরে থাকার পরামর্শ দিয়েছিলো এবং তারপর থেকে আমি ময়লা কুড়ানো বন্ধ করি। এক সময় আমি আইসক্রিম বিক্রি করতাম। কিন্তু বিনিময়ে আমি কোনো টাকা পেতাম না। মালিক আমাকে শুধু কিছু খাবার দিতো খেতে এবং রাতে তার দোকানে ঘুমাতে দিতো। কাজটি ছিলো খুবই কঠিন ও কষ্টকর। আইসক্রিম বক্স যখন ভরা থাকতো তখন এটা খুবই ভারী হতো। আমাকে ঘন্টার পর ঘন্টা কাজ করতে হতো এবং ক্রেতাদের কাছে আইসক্রিম বিক্রি করতে হতো। এমন দিন আসতো যখন আমি একটা আইসক্রিমও বিক্রি করতে পারতাম না।

**02. নিচের গদ্যাংশ শুদ্ধ করে চলিত রীতিতে লেখ:**

বৃক্ষের দিকে তাকাইলে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই, বারংবার সেইদিকে তাকানো প্রয়োজন। মাটির রস টেনে লইয়ে নিজেকে মুটাসোটা করে তুলাতেই বৃক্ষের কার্যের সমাপ্তি নয় তাকে ফুল ফুটাইতে হয়, ফল ধরাতে হয়। নহিলে তাঁর জীবন অসম্পূর্ণ থেকে যাইবে। তাই, বৃক্ষকে স্বার্থকতার প্রমিক হিসেবে গ্রহণ করার প্রয়োজনিতা সজিবতা ও সতর্কতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

**Solve** বৃক্ষের দিকে **তাকালে** জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই, **বারবার সেদিকে** তাকানো প্রয়োজন। মাটির রস টেনে **নিয়ে** নিজেকে **মোটাসোটা** করে **তোলাতেই** বৃক্ষের কাজের সমাপ্তি নয়। তাকে ফুল ফুটাতে হয়, ফল ধরাতে হয়। **নইলে** তাঁর জীবন অসম্পূর্ণ থেকে **যাবে**। তাই, বৃক্ষকে **সার্থকতার প্রতীক** হিসেবে গ্রহণ করার **প্রয়োজনীতা, সজীবতা** ও **সার্থকতার** এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

## ইংরেজি

**03. Translate the following paragraph into English.**

আমাদের সমাজে ছোট ছেলেমেয়েদের আমরা আলাদা খেলনা দিয়ে থাকি। ছেলেদের আমরা খেলনা গাড়ি অথবা ফুটবল দিলেও মেয়েদের দেই পুতুল, অথবা ছোট ছোট হাড়ি-পাতিল। আমরা ধরে নেই ছেলেরা খেলাধুলা পছন্দ করে। আর মেয়েরা ঘরের ভেতর থাকে, তাদের খেলাধুলার প্রয়োজন নেই। এই মনোভাবের পরিবর্তন দরকার।

**Solve** We provide different types of toys to our children in our society. we gift toy car or football to our sons while offer doll or small kitchen utensils to our daughters. We assume that boys like sports. On the other hand, girls prefer to stay at home and they need not engage with sports. This mentality needs to be changed.

**04. Write a paragraph on 'Friendship' in ten (10) sentences.**

**Solve** Friendship is one of the most precious relationships in our life. Friendship refers to a relationship between two people who hold mutual affection for each other. True friendship becomes divine relationship. We know many people in our life, but not all are friends. Friends are probably the only people who will understand the depth of our silence than our words. Certain feelings that you can't share with our family can be shared with your friends. Friendship is a bond that ensures happiness. It holds special space for respect and responsibility. It requires dedicaiton and devotion. 'A friend in need is a friend indeed' completes the essence and defines friendship.

**ঢাকা বিশ্ববিদ্যালয়**
**১ম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০২০-২১**
বিভাগ পরিবর্তন

**D-ইউনিট**
**পূর্ণমান-৪০**

## বাংলা

**01. নিচের অংশটুকুর বাংলায় অনুবাদ কর:**

Millions of fathers in rain
Millions of mothers in pain
Millions of brothers in woe
Millions of sisters nowhere to go
One Million aunts are dying for bread
One Million uncles lamenting the dead
Grandfather millions homeless and sad
Granmother millions silently mad
Millions of daughters walk in the mud
Millions of children wash in the flood....

**('September on Jessore Road' by Allen Ginsberg)**

**Solve** লাখো পিতারা বৃষ্টিতে ভেজে
লাখো মাতারা ব্যাথায় কাঁদে
লাখো ভাইয়েরা দুঃখে ম্রিয়মান
লাখো বোনেরা আশ্রয়হীনা
লাখো খালা-ফুফু ক্ষুধার জ্বালায় মরে
লাখো চাচারা লাশের শোকে মরে
লাখো পিতামহ ঘরহারা চিরদুঃখী
লাখো মাতামহ উন্মাদ হয়ে বধির
লাখো কন্যারা হেঁটে যায় কাদামাটি
লাখো শিশুরা ভেসে যায় বন্যায়।

**(সেপ্টেম্বর অন যশোর রোড অ্যালেন গিন্সবার্গ)**

**02. নিচের গদ্যাংশ শুদ্ধ করে লিখ।**

পাকিস্তান প্রতিষ্ঠা অবশ্য অন্য ব্যাপার, কিন্তু প্রতির্ষ্ঠিত পাকিস্তানের যে উর্দু এবং কেবল উর্দুই হবে, এই বক্তব্যে ভ্রান্তি কোথায়। পাকিস্তান ছিল একটি শোষণভিত্তিক অগণতান্ত্রিক রাষ্ট্র, সেখানে ক্ষমতাসীন অবাঙালীরা বাঙালীদের নিগৃহীত করবে এটাই ছিল স্বাভাবিক। মোড়কটা ছিল ধর্মীয়, অভিপ্রায়টি নিষ্ঠুররূপে বৈষোয়িক। শোষণের প্রয়োজনেই উর্দুকে চাঁপাতে চেয়েছে, নিস্পৃষ্ঠ করতে চেয়েছে বাঙালরি সংস্কৃতিকে। সংস্কৃতিকে কাবু করতে পারলে মানুষকে বশে রাখা সহজ।

**Solve** পাকিস্তান প্রতিষ্ঠা অবশ্য অন্য ব্যাপার; কিন্তু প্রতিষ্ঠিত পাকিস্তানের যে "উর্দু এবং উর্দুই হবে" – এই বক্তব্যে ভ্রান্তি কোথায়? পাকিস্তান ছিল একটি শোষণভিত্তিক অগণতান্ত্রিক রাষ্ট্র। সেখানে ক্ষমতাসীন অবাঙালিরা বাঙালিদের নিগৃহ করবে এটাই ছিল স্বাভাবিক। মোড়কটা ছিল ধর্মীয়, অভিপ্রায়টি নিষ্ঠুররূপে বৈষয়িক। শোষণের প্রয়োজনেই উর্দুকে চাপিয়ে দিতে চেয়েছে, নিষ্পিষ্ট করতে চেয়েছে বাঙালির সংস্কৃতিকে। সংস্কৃতিকে কাবু করতে পারলে মানুষকে বশে রাখা সহজ।

## ইংরেজি

**03. Translate the following paragraph into English:**

ব্রজেন দাস (১৯২৭-১৯৯৮) ছেলেবেলা থেকেই সাঁতারে পারদর্শী ছিলেন। তিনি বুড়িগঙ্গা নদীতে সাঁতার চর্চা করতেন। শিক্ষাজীবন শেষে ঢাকায় ফিরে তিনি তৎকালনি ক্রীড়া ফেডারেশনকে সাঁতার প্রতিযোগিতা চালু করতে উদ্বুদ্ধ করেন। এরকম একটি প্রতিযোগিতা প্রথম অনুষ্ঠিত হয় ১৯৫৩ সালে। তিনি দক্ষিণ এশীয়দের মধ্যে প্রথম ইংলিশ চ্যানেল সাঁতরে অতিক্রম করেন।

**Solve** Brojen Das (1927-1998) was expert in swimming since boyhood. he practised swimming in Buriganga River. Returning to Dhaka after completing his education, he motivated the sports federation of that time to introduce swimming competition. The first such competition took place in 1953. He was the first Asian to swim across the English Channel.

**04. Write a paragraph on your expectations from a university in ten (10) sentences.**

**Solve** A university should be the highest echelon of academic excellence. My first expectation from a university is to get a highly standard curriculum which will be congruous with the whole world. As teachers are called architects of a nation, university teachers have to be highly qualified with versatile knowledge. They have to have passion, patience, up-to-date information, command over subject, positive attitude etc. A university should have a spacious library, computers and laboratory Facilities. Students must be given proper research facilities by which they can contribute to the society by doing research on particular thing. Students should be given well-equipped classroom with modern amenities. I also expect to have a good cafeteria and playgrounds where students can play regularly. Above all, a university should be a platform that fosters competitiveness, unrestrained scientific inquiry, critical thinking and innovation. I want to conclude with a quote of Benjamin Disraeli who says "A University should be a place of light, of liberty, and of learning."

ঢাকা বিশ্ববিদ্যালয়
১ম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০১৯-২০
বিভাগ পরিবর্তন

D-ইউনিট
পূর্ণমান-৪০

## বাংলা

**01. নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর**

What's more, it recognizes that we Rohingya are not alone. Many other ethnic groups in Myanmar- including the Kachin, the Shan, the Karen-endure shocking violence at the hands of the armed forces of the central government. The United Nations concludes: The Myanmar military, the force behind this vicious cycle of murderous abuse, must be brought to account. We must end decades of impunity for some of the worst crimes known to humanity in recent years.

**Solve** তাছাড়া এটা স্বীকৃত যে, আমরা রোহিঙ্গা একা নই। মিয়ানমারের আরো অনেক জাতিগোষ্ঠী- কোচিন, শান, কারেনসহ কেন্দ্রীয় সরকারের সশস্ত্র বাহিনীর হাতে মর্মস্পর্শী সহিংসতা সহ্য করে। জাতিসংঘ সিদ্ধান্তঃ মিয়ানমার সেনাবাহিনীর হত্যাকান্ড নির্যাতনের পিছনে যে শক্তি রয়েছে তাকে অবশ্যই বিবেচনায় আনতে হবে। সাম্প্রতিক বছরগুলোতে মানবতার কাছে কিছু ঘৃন্য অপরাধের জন্য আমাদের কয়েক দশকের দায়বদ্ধতার অবসান ঘটাতে হবে।

**02. নিচের চলিত রীতির গদ্যাংশটি শুদ্ধ করে লিখ**

ছাত্র-ছাত্রীদের বানানভুলের মহড়া আজকাল বেশ বিব্রতকর হয়ে উঠিতেছে। শান্তনা, কথপোকথন, দুরবীন, দৌরাত্য ইত্যাদি বানানও দেদার ভুল হচ্ছে। শুধু বানান ভুল নয়, দুর্ভাগ্যজনকভাবে বাক্য গঠনে ব্যাকরণগত বিষয়ে তাহাদের অসচেতনতা লক্ষনীয়। তারা যেমন যৌগিক ও জটিল বাক্যের বিন্যাস করতে ভুল করে, তেমনি বাক্যসমূহের মধ্যে যথাযথ সংযোগ স্থাপনেরও অশুদ্ধতা দেখা যায়। বস্তুতৎ এসব রপ্ত করা ঠিক চুলখেজুরে লোকের ব্যাপার নয় রীতিমত সাধন করে হাত পাকাইতে হয়।

**Solve** ছাত্র-ছাত্রীদের বানান ভুলের মহড়া আজকাল বেশ বিব্রতকর হয়ে উঠেছে। শান্ত্বনা, কথোপকথন, দূরবীন, দৌরাত্ম্য ইত্যাদি বানানও দেদার ভুল হচ্ছে। শুধু বানান ভুল নয়, দুর্ভাগ্যজনকভাবে বাক্য গঠনে ব্যাকরণগত বিষয়ে তাদের অসচেতনতা লক্ষণীয়। তারা যেমন যৌগিক ও জটিল বাক্যের বিন্যাস করতে ভুল করে, তেমনি বাক্যসমূহের মধ্যে যথাযথ সংযোগ স্থাপনেরও অশুদ্ধতা দেখা যায়। বস্তুতঃ এসব রপ্ত করা ঠিক গোঁফখেজুরে লোকের ব্যাপার নয় রীতিমত সাধন করে হাত পাকাতে হয়।

## ইংরেজি

**03. Translate the following paragraph into English.**

মা আমার সবচেয়ে বড় সমালোচক ছিলেন। তিনি আমার সব সেমিনারে যেতেন। আমি সাবলীলভাবে কথা বলতে না পারলেও তিনি বুঝতে পারতেন। আমার কাজে বা কথায় কেউ কষ্ট পেলে তিনি সাবধান করে দিতেন। তিনি বলতেন, 'মনে রেখো মা, তুমি চলে গেলে মানুষ তোমার ব্যবহারটাই মনে রাখবে।'

**Solve** My mother was the greatest critics of mine. She attended all of my seminars. She understood me even though I couldn't'speak fluently. She corrected me when someone was hurt by my act or speech. She used to say, "mummy keep it in your mind that people remember only your behaviour after your departure".

**04. Write a paragraph on the political leadership of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman in ten (10) sentences.**

**Solve** The father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman is the architect of independent Bangladesh. He is recognized as the greatest Bengali of the past Thousand Years. We owe to his charismatic leadership for making us a free nation. Afterwards, he joined the politics and did his best for the Bengali Nation to make them free from the misrule and oppression of the Pakistani rulers. His history address on the 17th March 1971, at a mammoth gathering at the Race Course marked a turning point in the history of the Bengali Nation. He was arrested at 25 March, 1971 and was taken to Pakistan. He was sent back home after Liberation. He was the Prime Minister and sometime President of Bangladesh but unfortunately he was assassinated by some misguided Army officers on 15th August, 1975, along with most of his family members excepting for his two daughters. It is considered a great loss for the nation. Nothing can compensate the loss. He was engraved at Tungipara.

**ঢাকা বিশ্ববিদ্যালয়**
**১ম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০২১-২২**
**A-ইউনিট**
**পূর্ণমান-৪০**

## বাংলা

**01. 'শিষ্টাচার' দিয়ে পাঁচটি বাক্য লেখ।**

**Solve** জীবনের সকল ক্ষেত্রে অর্থাৎ আচরণে, কথাবার্তায় ও চাল চলনে সুন্দর ব্যবহারই শিষ্টাচার। শিষ্টাচার হলো মনের সৌন্দর্যের বাহ্যিক উপস্থাপনা। শুধু ব্যক্তিগত জীবনে নয়, সামাজিক ও রাষ্ট্রীয় পর্যায়ে শিষ্টাচার অপরিহার্য। পশু-পাখির মতো বেড়ে না উঠে দেশ ও জাতির উন্নয়নে ভূমিকা রাখতে শিষ্টাচারের বিকল্প কিছু নেই। শিষ্টাচারেই নিহিত রয়েছে মানবজীবনের সাফল্যের চাবিকাটি।

**02. প্রদত্ত পারিভাষিক শব্দ দিয়ে বাক্য গঠন কর:**

পাদটীকা, প্রজ্ঞাপন, পুরাণ, ক্রোড়পত্র, হালনাগাদ।

**Solve**

- পাদটিকা: বইয়ের কোনো লেখার উৎস সম্পর্কে জানতে পাদটীকা পড়তে হয়।
- প্রজ্ঞাপন: প্রজ্ঞাপন জারির মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রম শুরু হয়।
- পুরাণ: সৃষ্টি থেকে প্রলয় পর্যন্ত ব্রহ্মাণ্ডের ইতিহাস জানা যায় পুরাণ থেকে।
- ক্রোড়পত্র: আকর্ষণীয় ক্রোড়পত্রের কারণে অনেক দৈনিক পত্রিকার কাটতি অনেক।
- হালনাগাদ: জাতীয় পরিচয়পত্রের তথ্য হালনাগাদ কার্যক্রমের সফলতা সরকারের অনেক বড় অর্জন।

**03. ভাব সম্প্রসারণ কর:**

সত্য যে কঠিন,
কঠিনেরে ভালোবাসিলাম,
সে কখনো করে না বঞ্চনা।

**Solve** সত্যকে স্থায়ী ভাবে লুকানো বস্তুত অসম্ভব। এটা প্রকৃতির স্বভাবসিদ্ধ যে, সত্য একদিন উন্মোচিত হবেই। আমাদের বিচার ব্যবস্থা ও আন্তঃমানবিক সম্পর্কের মূল ভিত্তি সত্য। ব্যবসায়িক, পেশাদারী অথবা ব্যক্তিগত সম্পর্ক, যা মিথ্যার উপর স্থাপিত তা কোনোদিনই স্থায়ী হয় না। কিন্তু যেটা সত্য, সমতা ও পারস্পরিক কল্যাণের উপর প্রতিষ্ঠিত তার স্থায়িত্ব অমরত্বের মতো। সব ক্ষেত্রে প্রকাশ্যে বা গোপনে সত্য বলার অভ্যাস গড়ে তোলা উচিত। যখন ক্ষতি-বৃদ্ধির প্রসঙ্গও আসবে না তখনও। এভাবে চর্চা করলে সত্যবাদিতার এক অনুপম চারিত্রিক বৈশিষ্ট্য গড়ে উঠবে।

## ইংরেজি

**Read the following extract and answer questions 1 and 2:**

Blow, blow, thou winter wind,
Thou art not so unkind
As man's ingratitude;
The tooth is not so keen,
Because thou art not seen,
Although thy breath be rude.

**04. Identify and explain any one literary device used in the above extract.**

**Solve** These lines are taken from the famous play 'AS You Like It" by William Shakespeare. The Poet used 'personification' as a literary device in these lines. Personification means giving human qualities to inanimate objects. For example, the line "thy tooth is not so keen" means that the pain caused by the wind is not as hurtful as the emotional pain of the false friend or lover. The personitication is also evident in the description of wind.

**Or,** The poet has used 'apostrophe' to call the winter wind to express his feelings in the line. 'Blow, blow, thou winter wind An apostrophe is a literary device used to addreess somebody or something absent.

**Or,** The line "Blow, blow, thou winter wind" also an example of "Alliteration'. Repetition of consonant sounds /b/and/w/in the same line is the perfect implication of this literary device.

**05. Compare and contrast nature and mankind as presented in the given extract.**

**Solve** The given extract speaks about the negative attributes of human beings. It also presents a stark comparison of human nature to the harsh winter wind, along with the bitter realities of human life. The speaker compares the winter wind to human nature in order to imply that fake friend causes more pain than the harsh winter wind causes indeed, the invisible wind bites us, but its bite is less poisonous than the man's ingratitude. For him, the cold winter bite is temporary and it only hurts the skin. Whereas, the betrayal of a friend is hard to tolerate.

**06. How can science be made popular among school students in Bangladesh?[Write a paragraph in approximately 100 words.]**

**Solve** We are surrounded by technology and the inventions of science. Engagine students in science and helping them to develop an understanding about its ideas has been a consistent challenge for both science teachers and science educators alinke. Generally, students evaluate science to be something tough and negative. In this regard, teachers can teach students how science has changed the world drastically. Also, they can encourage the students by showing different scientific experiments. In fact, teachers Should act as a knowledgeable and passionate about science. As a result, it will help the students to be encouraged to follow their footsteps. Nevertheless, Science educators can do many things to grow interest in them. Frist of all connecting science in everyday life can be an effective way. They can create contests and ask students to use science to come up with new ideas, designs, etc. Finally, by growing interest for science from small age and presenting science as a fun and creative thing rather than tough and nerdy is necessary to encourage them.

**ঢাকা বিশ্ববিদ্যালয়**
**১ম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০২০-২১**
**A-ইউনিট**
**পূর্ণমান-৪০**

## বাংলা

**01. সারমর্ম লেখ (অনধিক চার বাক্যে):**

**তাই আমি মেনে নেই সে নিন্দার কথা**
**আমার সুরের অপূর্ণতা।**
**আমরা জানি কবিতা, জানি আমি**
**গেলেও বিচিত্র পথে হয়নাই সে সর্বত্রগামী।**
**কৃষাণের জীবনের শরিক যে জন,**
**কর্মে ও কথায় সত্য আত্মীয়তা করেছে অর্জন,**
**যে আছে মাটির কাছাকাছি**
**সে কবির বাণী-লাগি কান পেতে আছি**

**Solve** **সারমর্মঃ (অনধিক চার বাকে)**

কবি এখানে তাঁর কাব্যসাধনার সীমাবদ্ধতা ও অপূর্ণতার কথা ব্যক্ত করেছেন। কবি সমাজের উচ্চাসনে থাকার কারণে তাঁর কবিতায় নিম্ন শ্রেণির খেটে খাওয়া মানুষের জীবনের বৈচিত্র্য রূপায়িত হয়নি। তাই কবি তাঁর কাব্যসাধনার অপূর্ণতা নবীন কবিদের কাব্যে পূর্ণ হবে বলে আশা করেন। তিনি এমন কবিদের আবির্ভাব প্রত্যাশা করেছেন যাঁরা মাটির কাছাকাছি থেকে শ্রমজীবী সাধারণ মানুষের জীবনের বিচিত্র দিক তাঁদের কাব্যে তুলে ধরবেন।

**02. ভাব-সম্প্রসারণ কর (অনধিক পাঁচটি বাক্যে):**

**এ বয়সে তাই নেই কোনো সংশয়-**
**এ দেশে বুকে আঠারো আসুন নেমে।**

**Solve** **ভাব-সম্প্রসারণ: (অনধিক পাঁচ বাক্যে)**

"এ বয়সে তাই নেই কোনো সংশয়-
এ দেশের বুকে আঠারো আসুক নেমে।"

কবি বাংলাদেশের আঠারো বছর বয়সের তরুণদের আবির্ভাব কামনা করেছেন। কারণ কবি আশা করেন, এ বয়সের তরুণ প্রাণ এ দেশটাকে সত্য, সুন্দর ও কল্যাণময় করে গড়ে তুলবে। এরা সবরকম অত্যাচার, উৎপীড়ন প্রতিহত করবে। কবির প্রার্থনা, এসব বৈশিষ্ট্য নিয়ে যেন দেশের কল্যাণে, মানবতার সেবায়, জাতীয় জীবনের চালিকা-শক্তিরূপে এ দেশের বুকে আঠারো বছরের তারুণ্যের আবির্ভাব ঘটে।

**03. 'স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী' নিয়ে পাঁচটি বাক্য লেখ।**

**Solve** **'স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী;' নিয়ে পাঁচটি বাক্য:**

১. 'স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী' হলো ১৯৭১ সালের ২৬-এ মার্চ থেকে ১৬ই ডিসেম্বর নরমাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে পাকিস্তানের কাছ থেকে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের ৫০ বছর পূর্তি পালনের জন্য বাংলাদেশ সরকারকর্তৃক ঘোষিত একটি বার্ষিক পরিকল্পনা।
২. বাংলাদেশ সরকার ২৬-এ মার্চ ২০২১ থেকে ১৬ই ডিসেম্বর ২০২১ পয্যন্ত স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ঘোষণা দেয়।
৩. স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর সঙ্গে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিববর্ষও পালিত হয়।
৪. স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উদযাপনকেন্দ্রিক বছরজুড়ে আয়োজিত নানান অনুষ্ঠানে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানগণ যোগ দেন।
৫. ১৭ই মার্চ থেকে ২৬এ মার্চ পর্যন্ত চলমান মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর সম্মিলিত অনুষ্ঠান 'মুজিব চিরন্তন'-এ যোগ দিতে বাংলাদেশে আসেন মালদ্বীপের রাষ্ট্রপতি, শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী, নেপালের রাষ্ট্রপতি, ভুটানের প্রধানমন্ত্রী, ভারতের প্রধানমন্ত্রীসহ অসংখ্য বিশ্বনেতা।

**04. 'নদী' শব্দের পাঁচটি সমার্থ শব্দ লেখ।**

**Solve** **'নদী' শব্দের পাঁচটি সমার্থ শব্দ:** নদ, তটিনী, গাড়, তরঙ্গিনী, স্রোতস্বিনী ইত্যাদি।

## ইংরেজি

**05. Write a short paragraph of 10 sentences on 'The Dying Buriganga River'.**

**Solve** **The Dying Buriganga River**

The Dying Buriganga River he Buriganga is now so polluted that all fish have died, and increasing filth and human waste have turned it like a black gel. Even rowing across the river is now difficult for it smells so badly. The plight of the Duriganga symbolizes the general state of many rivers in Bangladesh, a large flat land criss-crossed by hundreds of rivers which face an uphill battle to keep them navigable and their waters safe for human and aquatic lives. A World bank study said four major rivers near Dhaka -- the Buriganga, Shitalakhya, Turag and Balu -- receive 1.5 million

cubic metres of waste water every day from 7.000 industrial units in surrounding areas and another 0.5 million cubic meters from other sources. Among the top polluters are dozens of tanneries on the banks of the Buriganga. We should make the rivers fully dredged, their illegal occupation ended and the laws strictly enforced to prevent abuse of waterways and thus a historical but dying river can get her breath back.

**06. What is personification? Give an example of personification**

**Solve** Personification is a figure of speech in which an idea or thing is given human attributes and/or feelings or is spoken of as if it were human. Example- A Pneumonia touches the man with his icy finger. In this sentence Pneumonia' is being considered as human.

**07. "I love to rise in a summer morn When the birds sing on every tree; The distant huntsman winds his horn O what sweet company!" Which poem are these lines taken from? Who wrote this poem? What is the tone of the poem?**

**Solve** These lines are taken from a poem named 'The School Boy'. This poem is written by William Blake. The tone of the poem is to give a clear view of children's minds and wishes. The poet wants to ensure a jolly and comfortable environment both at home and school.

**08. Write 10 sentences on how to minimize the chances of getting infected by Corona Virus.**

**Solve** How to minimize the chances of getting infected by Corona Virus The following actions help prevent the spread of COVID-19, as well as other coronaviruses and influenza. We should wear a face mask. We will avoid close contact with people who are sick. We must maintain at least six feet distance between ourselves and others. We will avoid large gatherings. We must get vaccinated as soon as we are eligible. We can minimize touching our eyes, nose, and mouth. We should stay home when we are sick. We must cover our cough or sneeze with a tissue, then throw the tissue in the trash. We can clean frequently touched objects and surfaces regularly. We must wash our hands often with soap and water.

## ঢাকা বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ ভর্তি পরীক্ষা: ২০১৯-২০

A-ইউনিট
পূর্ণমান-৪০

## বাংলা

**01. সারমর্ম লেখ (অনধিক চার বাক্যে):**

আসিতেছে শুভদিন-
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,
পাহাড়-কাটা সে পথের দু'পাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি,
তোমারে সেবিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

**Solve** **সারমর্ম:** শ্রমজীবী মানুষের কঠোর পরিশ্রমের মধ্য দিয়ে দেশ ও জাতি আজ সভ্যতার চরম শিখরে পৌঁছেছে। তারাই সমাজ জীবনে শোষিত, বঞ্চিত ও অবজ্ঞাত। কিন্তু পালাবদলের সময় এসেছে। একদিন এরাই বিশ্বে নবজাগরণের সূচনা করবে।

**02. ভাব-সম্প্রসারণ কর (অনধিক ছয় বাক্যে):**

গ্রন্থগত বিদ্যা আর পরহস্তে ধন
নহে বিদ্যা, নহে ধন, হলে প্রয়োজন।

**Solve** যে বিদ্যা মানুষের কাজে লাগে, ব্যবহারিক প্রয়োজন রয়েছে যে বিদ্যা সার্থক। যে বিদ্যা বা জ্ঞান মানুষের কাজে আসে না, পুস্তকেই সীমাবদ্ধ থাকে তার কোন মূল্য নেই। বিদ্যা ও ধনের সার্থকতা নির্ভর করে মানুষের প্রয়োজন মেটানের ওপর। পার্থিব জীবনে ধন-সম্পদ ও বিদ্যার গুরুত্ব অপরিসীম। সুতরাং সার্থক ও সুন্দর জীবনের জন্য বিদ্যাকে বুদ্ধি দ্বারা আত্মস্থ করে এবং ধন-সম্পত্তি নিজের আয়ত্তে রেখে প্রয়োজনের সময় নিজের এবং দেশের কল্যাণে নিয়োজিত করা যায়। গ্রন্থগত বিদ্যা যা আত্মস্থ করা হয়নি এবং অন্যের ধন যা স্বীয় করায়ত্ত হয়নি-এ সবই নিরর্থক।

**03. 'বাংলাদেশের মুক্তিযুদ্ধ' নিয়ে ৬টি বাক্য লেখ।**

**Solve**

- বিশ্বমানচিত্রে স্বাধীন সার্বভৌম দেশ, লাল সবুজের দেশ, হাজার বছরের ঐতিহ্যের দেশ বাংলাদেশ।
- এ দেশের রক্তাক্ত ইতিহাস আছে- সে ইতিহাস স্বাধীনতার ইতিহাস, মুক্তিযুদ্ধের ইতিহাস।
- মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ মানুষ শহিদ হন এবং দুই লক্ষ মা-বোন নির্যাতিত হন।

- ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঢাকার ঐতিহাসিক রেসকোর্স ময়দানে- 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম' –বলে জাতিকে মুক্তি সংগ্রামে ঝাঁপিয়ে পড়ার আহ্বান জানান।
- ১৯৭১ সালের ২৫ মার্চ গভীর রাতে পাক-বাহিনী 'অপারেশন সার্চ লাইট' নামে হত্যাযজ্ঞ চালায় ঘুমন্ত, নিরস্ত্র বাঙালিদের ওপর।
- দীর্ঘ নয় মাস যুদ্ধের পর ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর ঢাকার রেসকোর্স ময়দানে পাকিস্তানের লেফটেন্যান্ট জেনারেল নিয়াজি আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করলে বাঙালিদের চূড়ান্ত বিজয় অর্জিত হয়।

**04. বিপরীত শব্দ লেখ:**

(ক) আসমান (খ) স্থূলবুদ্ধি (গ) কাল্পনিক

**Solve**

| মূলশব্দ | বিপরীত শব্দ | মূলশব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| আসমান | জমিন | স্থূলবুদ্ধি | সূক্ষ্মবুদ্ধি |
| কাল্পনিক | বাস্তবিক | | |

## ইংরেজি

**05. Hold fast to dreams**
**For if dreams die**
**Life is a broken-winged bird**
**That cannot fly.**

**(a) Which poem are these lines taken from?**

**Solve** Dreams

**(b) Who is the writer of the poem?**

**Solve** James Langston Hughes

**(c) What does he mean by "Life is a broken-winged bird".**

**Solve** "Life is a broken-winged bird" means 'life becomes hopeless. "That cannot fly" means 'life without dreams is as sad and tragic as a bird that can't fly'. "Hold fast to dreams" means 'don't let go of your dreams'.

**06. Write six sentences on 'The influence of culture on adolescents'.**

**Solve** Many factors that shape adolescent development vary by culture. The lifestyle of an adolescent in a given culture is also profoundly shaped by the roles and responsibilities he or she is expected to assume. Differences between families in the distribution of financial responsibilities or provision of allowance may reflect various socioeconomic backgrounds, which are further influenced by cultural norms and values. Adolescents begin to develop unique belief systems through their interaction with social, familial, and cultural environments. These belief systems encompass everything from religion and spirituality to gender, sexuality, work ethics, and politics. The range of attitudes that a culture embraces on a particular topic affects the beliefs, lifestyles, and perceptions of its adolescents, and can have both positive and negative impacts on their development.

**07. Write six sentences on the importance of biodiversity for our livelihood.**

**Solve** Biodiversity boosts ecosystem productivity where each species, no matter how small, has an important role to play. Biodiversity is important to humans for many reasons.

- Economic—biodiversity provides humans with raw materials for consumption and production.
- Ecological life support—biodiversity provides functioning ecosystems that supply oxygen, clean air and water, pollination of plants, pest control, waste water treatment and many ecosystem services.
- Recreation — many recreational pursuits rely on our unique biodiversity, such as bird watching, hiking, camping and fishing.
- Scientific — biodiversity represents a wealth of systematic ecological data that help us to understand the natural world and its origins.
- Reduce risk — Healthy ecosystems can better withstand and recover from a variety of disasters.

**08. What is a rhyme? Why do writers use rhyme in poems?**

**Solve** A rhyme is a repetition of similar sounds (usually, exactly the same sound) in the final stressed syllables and any following syllables of two or more words. Most often, this kind of "perfect" rhyming is consciously used for effect in the final positions of lines of poems and songs.

# UNIT 1 PEOPLE or INSTITUTIONS MAKING HISTORY











## Sentence Making এর Pro Tips!

১. প্রথমেই মনে রাখতে হবে Sentence Making সাধারণত Text Book থেকে আসে এবং এর বাহিরে আসলেও Basic Words আসে।
২. যেহেতু Text Book থেকে বেশি আসে তাই প্রতিটি Chapter এর Key Words গুলো খুঁজে বের করে পড়ে ফেলতে হবে।
৩. Sentence Making করার ক্ষেত্রে সবসময় Parts of Speech ঠিক রাখবে অর্থাৎ word টি noun হলে Sentence এ word টি noun এর স্থানে বসাতে হবে।
৪. যতটা সম্ভব Text Book এর চরিত্র বা সমসাময়িক topics এর সাথে সম্পর্কিত করবে তাহলে শিক্ষক বেশি পছন্দ করবে।
৫. Sentence Making এ Standard Word ব্যবহার করবে।
৬. যতটা সম্ভব Simple Sentence এ ছোট আকারে লিখবে। যেমন-

**Massacre**:

The Myanmar army **massacred** **the Rohingya** Muslims in 2017.

সমসাময়িক বিষয় Standard Word Simple Sentence




## Make sentences using the following words

- **Apartheid (n)- বর্ণবাদ** (A discriminatory policy against the people who are not white): Apartheid was a major problem in Africa that Mandela had to deal with.
- **Multi-racial (adj)- বহুজাতিক**(relating to a country where different nations or races live in): India is a multi racial country.
- **Reconciliation (n)**- **মীমাংসা** (coming to terms): The two bellegerent sides came to reconciliation after a long destructive war.
- **Embody (v)- বাস্তবে রূপদান করা** (to materialize something): The Awami League Government is trying to embody the unfinished goals of Bangabandhu.
- **Emancipation (n)**- **মুক্তি** (liberation): The victory in 1971 liberation war was an emancipation of Bengal's people.
- **Chasm (n)- ফাটল** (a gap, hole or deep opening in the earth's surface): Mandela strove to fill the chasm that was caused by racial segregation.
- **Advocate (v)**- **সমর্থন করা** (one who supports something): Bangabandhu advocated of equality, equity and humanity.
- **Sparkle (v)**- **স্ফুলিঙ্গ** (to inspire hope): The new teacher sparkled an enthusiasm among the students
- **Epicenter (n)- উপকেন্দ্র (**the central or original point of something): In January, 2020, China was the epicenter of Covid-19.
- **Mythic (adj)- পৌরাণিক** (of relating to myth): Hercules was a mythic figure.
- **Domination (n)- শাসন** (authority, rule): The black people are still fighting against the white domination in some countries.
- **Overflow (v)- প্লাবিত করা** (full of something or flow excessively): Her heart overflowed with joy.
- **Agony (n)- তীব্র যন্ত্রণা** (extreme pain or suffering): The central character in the movie was in agony for losing his wife.

- **Crimson (adj)- গাঢ় লাল** (dark red): The west horizon turns crimson during the sunset.
- **Launch- যাত্রা করা** (start or begin or propel with force): Bangladesh launched Bangabandhu satellite in 2018. She launched the program after the chief guest had arrived.
- **Assume (v)- অনুমান করা** (to guess or to take over): He assumed the power of this organization.
- **Slaughter (v)- হত্যা করা** (to kill brutally): The Myanmar army slaughtered thousands of Rohingya people in 2017.
- **Dissolve (v)- বাতিল করা** (to dismiss): The parliament was dissolved ahead of the national election.
- **Spontaneously (adv)- স্বতঃস্ফূর্তভাবে** (willingly): All the students chorused the national anthem spontaneously.
- **Wretched (adj)- হতভাগ্য** (unfortunate or helpless): A wretched man was mob-killed last month.
- **Downtrodden (adj)- নিপীড়িত** (oppressed): Before the $20^{th}$ century, the working class people in Russia were downtrodden by the Bourgeois.
- **Mow down (v)- কচুকাটা করা** (to kill indiscriminately): In the second World War, Hitler's Nazi party mowed down the Jews in Germany.
- **Massacre (v)- গণহত্যা** (to kill at random): The Myanmar army massacred the Rohingya Muslims in 2017.
- **Withdraw (v)- বাতিল করা** (to take back or cancel): After being intimidated, the man withdrew his case.
- **Exempt (v)- অব্যহতি দেওয়া** (get free of something or escape): The accused has been exempted from conviction.
- **Convert- রূপান্তরিত করা** (change into or turn into something): A museum named Hagia Sophia, in Turkey, has been converted to mosque.
- **Standstill (n)- স্থির** (deadlock): Everything has come to a standstill since the Corona outbreak.
- **Strive (v)- চেষ্টা করা** (to endeavor or to struggle): The black people strove to get their rights back in Africa.
- **Anarchy (n)- অরাজকতা** (a state of chaos and indiscipline): The radical in the Middle East creates anarchy.
- **Cosmonaut (n)- মহাকাশচারী** (a person who travels in spacecraft): Neil Armstrong was the first cosmonaut to land on the moon.
- **Undergo (v)- সহ্য করা** (go through): People who are left jobless due to Covid-19 are undergoing a lot of troubles and hardships.
- **Isolation (n)- আলাদা** (completely with no company): Patients diagnosed with Covid-19 are kept in isolation.
- **Countdown- গণনা করা** (counting numbers in reverse order): Bangabandhu satellite had to go through a process of countdown before the take-off.
- **Nausea (n)- বমি বমি ভাব** (a feeling of vomiting): Travelling for a long may make one feel nausea.
- **Legend (n)- কিংবদন্তি** (allegorical or mythical figures): Hercules was a legend in Greek culture.
- **Malfunction (v)- ত্রুটি** (fail to work): Every time I try to turn on my computer, it malfunctions.
- **Retrieve (v)- উদ্ধার** (to restore): If someone unknowingly delete a file from the computer, he can retrieve it from Recycle Bin.
- **Disintegrate (v)- ভাঙ্গা** (break into parts): The plane disintegrated due to some technical errors.
- **Stretch (v)- প্রসারিত করা** (extend): Stretch your helping hands to the poor.
- **Beware (v)- সতর্ক হওয়া** (conscious): Beware of your weakness.
- **Erratic (adj)- অনিশ্চিত** (haphazard): The condition of the roads in our country is erratic.
- **Plight (n)- দুর্দশা** (misery): The plight of the people who lost everything due to river erosion knows no bound.
- **Vigil (n)- জাগ্রত** (observance): We should always keep a vigil on our neighbors.
- **Unpredictable (adj)- অপ্রত্যাশিত** (uncertain): The result of a cricket match is always unpredictable.
- **Persona (n)- ব্যক্তি** (character): A man's persona can be recognized by his manners.
- **Treatment (n)- চিকিৎসা** (dealing): Your treatment of other people defines your personality.
- **Manic (adj)- অদ্ভুত** (insane): He has a manic personality.
- **Fantasy (n)- কল্পনাঃ** Do not live in the world of fantasy.
- **Pedestrian (adj)- পথচারীঃ** The pedestrians are not conscious always.
- **Grudge (n)- ক্ষোভ** (spite): We have grudge against Pakistani rulers**.**

## Explanation এর Pro Tips!

- Dhaka University তে সচরাচর Text Book থেকে Explanation আসে। প্রতি Chapter এ কিছু গুরুত্বপূর্ণ line থাকে। যেমন-You are just your Intelligence/ Don't Call me, I will call you. তাই বই ভালো করে পড়বে।
- Explanation লিখার সময় প্রথমে লাইনটির উৎস লিখবে তারপর লাইনটির সার নির্যাস ১ লাইনে লিখবে Theme এর মত।
- পরবর্তীতে Explane করবে। ছোট করে অর্থাৎ line এ কি বুঝাতে চাচ্ছে।




## Important line explanation from this passage

**01. "The struggle this time is a struggle for freedom, the struggle this time is a struggle for emancipation.**

**Ans** The statement was given by Sheikh Mujibur Rahman, the father of the nation of Bangladesh.

Sheikh Mujib delivered this vigorous speech to assert our independence March 1971 at Rescourse Maidan.

Bangladesh became independent in 1971 from Pakistan and actually, 7th March speech was the declaration of independence. This famous speech inspired the people to protest and free the nation from Pakistan. The key line of 7th March speech is, "the struggle this time is a struggle for freedom". Actually, this speech was the root of our liberation movement.

**02. "You are just your intelligence."**

**Ans** The statement is given by one of the greatest astronauts Kalpona Chawla.

Every man is equal to his dream. He can overcome any challenges if he believes he is able to do so.

Though Kalpona Chawla was born in India, she got American citizenship in 1991. She orbited the world 252 times and believed that everything is possible if anybody thinks positive. Everyone has the capacity to do anything. But, many of us fail due to the lack of confidence. Actually, it is possible to make any impossible possible through positive thinking.

**03. "Don't call me, I will call you."**

**Ans** The statement is given by the apartheid fighter Nelson Mandela.

During leaving public life, Mandela gave this statement to his adoring countrymen.

Mandela became the first black president in South Africa in 1994 and resigned willingly in 1999. He closed himself from public affairs in 2004. But he remained one of the world's most revered public figures, combining celebrity sparkle with an unwavering message of freedom, respect and human rights. However leaving public life, He was not destitute from his people rather he was at the epicenter among the people. For this reason, he said to his adoring people that I would be available among you.

## Translate the passage in Bangla

**01.** "I hate race discrimination most intensely and all its manifestations. I have fought it all during my life; I will fight it now, and will do so until the end of my days," Mandela said in his acceptance speech on becoming South Africa's first black president in 1994. "The time for healing of the wounds has come. The moment to bridge the chasms that divide us has come".

**বঙ্গানুবাদ** "জাতিগত বৈষম্য এবং এর সব ধরনের প্রদর্শনী আমি মন থেকে ঘৃণা করি। আমি আমার সারাজীবন ধরে এটার বিরুদ্ধে লড়াই করেছি; এখনো লড়াই করছি এবং আমার জীবনের শেষ দিন পর্যন্ত লড়াই করবো", ১৯৯৪ সালে দক্ষিণ আফ্রিকার প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট নির্বাচিত হবার পর দেয়া ভাষণে তিনি একথা বলেন। তিনি আরও বলেন, "ক্ষত নিরাময় করার সময় এসেছে। আমাদের বিভক্তকারী ফাটল দূর করার মুহূর্ত এটাই"।

**02.** "If another bullet is fired, if my people are shot dead again, I request all of you: convert every house into a fort, confront the enemy with whatever you have. And even at the risk of your life, and even if I am not around to direct you, shut down all shops and make sure that traffic on all roads and ports are brought to a standstill. If need be, we will starve to death, but we'll go down striving for our rights."

**বঙ্গানুবাদ** "আর যদি একটা গুলি চলে, আর যদি আমার লোকদেরকে হত্যা করা হয়, তোমাদের কাছে আমার অনুরোধ রইলো, প্রত্যেক ঘরে ঘরে দূর্গ গড়ে তোলো, তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবেলা করতে হবে। আমি যদি হুকুম দিবার নাও পারি, দোকানপাট, রাস্তাঘাট যা কিছু আছে, জীবনের ঝুঁকি নিয়ে হলেও তোমরা বন্ধ করে দিবে। যদি দরকার পড়ে, আমরা না খেয়ে মারা যাবো কিন্তু আমরা আমাদের অধিকার আদায় করে ছাড়বো"।

**03**. Chawla joined NASA in 1988. She began working as a vice president where she did Computational Fluid Dynamics (CFD) research on vertical take off and landing. On 1991, she got US citizenship and started her carrier as a NASA astronaut in 1995. She was selected for her 1st flight in 1996. She spoke the following words while travelling in the weightlessness of space, "You are just your intelligence"

**বঙ্গানুবাদ** চাওলা ১৯৮৮ সালে নাসায় যোগদান করেন। তিনি সেখানে ভাইস প্রেসিডেন্ট হিসেবে কাজ শুরু করেন এবং উলম্ব উড্ডয়ন এবং অবতরণ কম্পিউওটেশনাল ফ্লুইড ডাইনামিক নিয়ে গবেষণা শুরু করেন। তিনি ১৯৯১ সালে ইউএস এর নাগরিকত্ব পান এবং ১৯৯৫ সালে তিনি নাসার একজন নভোচারী হিসেবে তার কর্মজীবন শুরু করেন। তিনি ১৯৯৬ সালে তার প্রথম উড্ডয়নের জন্য মনোনীত হন। মহাশুন্যের ওজনহীনতায় যাত্রাকালে তিনি নিম্নোক্ত কথাটি বলেছিলেন, "বুদ্ধিমত্তা ছাড়া তুমি কিছুই না।"

## Appropriate Preposition

| Preposition | Meaning | Sentence |
|---|---|---|
| aware of | সতর্ক/ সচেতন | He is **aware of** the fact. |
| go on | চালিয়ে যাওয়া | You should **go on** doing the work. |
| cope with | মানিয়ে নেওয়া | Sometimes we cannot **cope with** so many difficulties. |
| awash with | ভাসা | The floor was **awashed with** blood. |
| voted for | ভোট দেওয়া | Most of the people **voted for** him in the last election. |
| passed through | অতিবাহিত করা | Some travelers **passed through** the desert. |
| inflicted on | আঘাত দেওয়া | It is wrong to **inflict pain on** any animal. |
| carry out | সম্পন্ন করা | It is important to **carry out** regular stock cheeks. |
| came up with | চিন্তা করা | He **comes up with** new ideas everyday. |
| agree to | কোনপ্রস্তাবে রাজি হওয়া | Booss has **agreed to** my proposal. |
| showed up | উপস্থিত হওয়া | He **shows up** late in class every day. |
| put on | পরিধান করা | **Put on** your shoes quickly |
| Shut down | বন্ধ করে দেওয়া | Please **shut down** the A.C. |
| carry out | পালন করা | They boy **carries out** his fathers orders very sincerely. |
| aim at | তাক করা | The hunter correctly **aimed at** the bird. |
| mowed down | কচুকাটা/ গণহত্যা | The soldiers were **mowed down** by machine guns. |
| deprived of | বঞ্চিত করা | He was **deprived of** all facilities for two years. |
| spilled on | ঝড়া | All the leaves of tree have **spilled on**. |
| Listen to | শোনা | **Listen to** his words very carefully. |
| End Up | সমাপ্ত করা | He **ended up** the work nicely. |
| Respond to | সাড়া দেওয়া | He didn't **respond to** my call yesterday. |
| Exempt from | রেহাই দেওয়া | Certain charities are **exempt from** VAT registration. |
| responsible for | দায়ী | He is **responsible for** the mis-management. |
| Determined to | দৃঢ় সংকল্প | He is **determined to** study hard for getting a good result. |
| Dedicated to | উৎসর্গ করা | I have **dedicated** my book **to** my mother. |
| Charged with | অভিযুক্ত | He has **charged with** capital punishment. |
| interested in | ইচ্ছুক | I am not **interested to** attend **in** the tour. |
| led to | নেতৃত্ব দেওয়া | Her investigations ultimately **led to** the discovery of the missing documents |
| turned to | অংশ নেওয়া | She didn't **turn to** the previous competition. |
| Determined to | সংকল্প বদ্ধ | He is **determined to** get the 1st prize. |
| due to | কারণে | The watch was abandoned **due to** rain. |
| prior to | পূর্ব | You must pre-heat the oven **prior to** bake a cake. |

## Spelling

| | | | | |
|---|---|---|---|---|
| Overflowing | Situation | Liberated | Television | spacecraft |
| Constitution | Torture | Negotiations | Slaughterhouse | weightlessness |
| Proceeding | Prorogued | Spontaneously | League | isolation |
| Massacre | Conference | Personnel | Barrack | disintigrate |
| Carriage | Employee | Suppress | Committee | micrograviy |
| Johannesburg | Reuter | apartheid | reconciliation | legislature |
| decade | prestige | discrimination | manifestation | cosmonaut |
| achieve | emancipation | repression | sparkle | nausea |
| unwavering | Laureate | atmosphere | nausea | astronaut |
| cosmonaut | isolation | communication | astronauts | centrifuge |
| proletariat | spacecraft | faultlessly | disaster | Satellite |
| aerosol | legislature | Aeronautical | Aerospace | Investigation |

## Fill in the gaps with suitable words

**01. Read the text below and fill in the gaps with the right use of verbs:**

| | | | | |
|---|---|---|---|---|
| *be* | *leave* | *sentence* | *suffer* | *spend* |

Mandela (a) ------- among the first to advocate armed resistance to apartheid, going underground in 1961 to form the ANC's armed wing. He (b) ------- South Africa and travelled the continent and Europe, studying guerrilla warfare and building support for the ANC. Branded a terrorist by his enemies, Mandela (c) ------- to life imprisonment in1964, isolated from millions of his countrymen as they (d) ------- oppression, violence and forced resettlement under the apartheid regime of racial segregation. He was imprisoned on Robben Island, a penal colony of Cape Town, where he (e) ------- the next 18 years before being moved to mainland prisons.

**Ans** (a) was (b) left (c) was sentenced (d) suffered (e)spent

**02. Read the text below and fill in the gaps with the clues given in the box.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| *damage* | *renew* | *tuberculosis* | *multi-racial* | *september* | *prostate* |

But prison and old age took their toll on his health. Mandela was treated in the 1980s for (a) ------- and later required an operation to repair the (b) ------- to his eyes as well as treatment for prostate cancer in 2001. His spirit, however remained strong. "If cancer wins I will still be the better winner," he told reporters in (c) ------- of that year. "When I go to the next world, the first thing I will do is look for an ANC office to (d) ------- my membership." Most South Africans are proud of their post-apartheid (e) ------- 'Rainbow Nation'.

**Ans** (a) tuberculosis (b) damage (c) September (d) renew (e) multi-racial

**03. Fill in the gaps in the text below with suitable words.**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| *post* | *global* | *donned* | *made* | *remember* | *public* |

Mandela's last major appearance on the (a) ------- stage was in 2010 when he (b) ------- a cap in the South African winter and rode on a golf cart, waving to an exuberant crowd of 90,000 at the soccer World Cup final, one of the biggest events in the country's (c) ------- apartheid history. "I leave it to the public to decide how they should (d) ------- me," he said on South African television before his retirement. "But I should like to be remembered as an ordinary South African who together with others has (e) ------- his humble contribution."

**Ans** (a) global (b) donned (c) post (d) remember (e) made

## Textual Paragraph From This Unit

### ***The Six Point Movement***

⏭ In our history of independence, The six point movement is written in golden words. Six point movement was a landmark movement for Bengalees. On June 7 in 1966, the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman launched a massive movement against the misrule of the Pakistani rulers on the basis of the 6-point demands, the 'Magna Carta' of the Bengalis, demanding autonomy for the then East Pakistan.He put forward these demands to bring back rights of Bengalee people. The 6-point demands were provision of federal government in constitution, central government's dealing with only defense and foreign affairs, introduction of two separate but easily convertible currencies for East and West Pakistan, vesting the power of taxation and revenue collection with the provincial government, maintaining two separate accounts for the foreign exchange earnings of the two regions, and creation of a separate militia or paramilitary force for East Pakistan. The historic movement for six-point demand took an important turn on June 7, 1966. The six-point demands contained the framework of independence of Bangali nation. This movement later inspired the other significant events of our independence movement.

### ***Unwavering leadership of Bangabandhu in our independence***

⏭ Bangabandhu Sheikh Mujibur Rahman,father of the nation,was committed to earn the independence of the then east pakistani people. He contributed significantly in all the events leading to our independence. He always protested against the abuse of west pakistani rules. During the west pakistani regime, he was put behind bars several times for accusing the rulers of discrimination towards our people. Bangabandhu led student movements in 1952 and the following years. In 1966, he put forward six points demands which made him the supreme leader of our fight for independence unanimously. Although claiming landslide victory in general election of 1970, he was deprived of power. Bangabandhu gave an era defining speech on 7th march,1971 where he gave all the necessary direction for achieving independence. Our hard fought independence was earned under the dynamic leadership of Bangabandhu.

### ***Women astronauts who inspired exploration***

⏭ Women astronauts first made their mark in outer space when Valentina Tereshkova became the first woman to travel there. Inspired by her, many women astronauts have gone on to create history by reaching outer space. The inspiration got from famous women astronauts like Tereshkova and Kalpana Chawla has intrigued many other women to explore beyond our planet. Both Tereshkova and Chawla were determined and went through a series of trainings and activities to become astronauts. They flew through spacecrafts and orbited around the earth several times. Their successful accomplishment of missions inspired women around the world to explore the vast sky.Their inspirational story of becoming astronauts remained as a landmark in the history of women’s reaching outer space.Their undeniable skills and qualifications stimulated many other over the decades.Today, their achievements inspire the belief that anyone, regardless of gender, can reach for the stars and make a difference in the world of space exploration.

### ***Nelson Mandela’s fight against apartheid***

⏭Nelson Mandela,one of the most celebrated leaders in the history of the world, fought against racial discrimination and unflinching attitude toward the liberation for his people. For the black people who were oppressed, he came as a relief and savior. He waged a war less war without weapon against the injustice done to the repressed people. During the darkest period of apartheid sickened Africa, he protested against it with all his means regardless of imprisonment, suffering and miseries inflicted upon him. Even though he was jailed for voicing his concern against white domination and had to spend almost 30 years behind bars, neither did he waver nor did he compromise on the matter of his people's emancipation, all of which placed him among the greatest leaders around the world.

### ***The incidents reflected in 7th March Speech***

⏭ The 7$^{th}$ March speech delivered by Bangabandhu Sheikh Mujibur Rahman is an epoch-making speech that summed up all the major incidents from 1952 to 1970. Bangabandhu begins his speech with a poignant description of how the people of Bengal had sacrificed their lives to establish Bangla as the state language. Then he, with a heavy heart, states the failure of forming government despite winning the 1954’s United Front Election which was followed by the declaration of martial law by Ayub Khan in 1958. He also speaks of six-point movement of 1966, Ayub Khan’s fall and Yahya Khan’s taking over who promised to transfer power to the elected representatives which turned out nothing but a lie. Being betrayed repeatedly, Bangabandhu calls for a non-cooperation movement which the people earnestly joined in. Finally, his urging the people to be armed and prepared for an imminent war changed the course of history with the birth of Bangladesh as a free and sovereign state.



রুদ্র-মঙ্গল


# আমার পথ

–কাজী নজরুল ইসলাম



## লেখক-পরিচিতি

| | | |
|---|---|---|
| পরিচয় | • **নাম** | : **কাজী নজরুল ইসলাম।** |
| | • **জন্ম তারিখ** | : ২৪ মে, ১৮৯৯ খ্রিষ্টাব্দে (১১ জ্যৈষ্ঠ, ১৩০৬ সাল)। বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। |
| | • **পিতার নাম** | : কাজী ফকির আহমেদ। |
| | • **মাতার নাম** | : জাহেদা খাতুন। |
| সাহিত্যকর্ম | • **কাব্যগ্রন্থ** | : অগ্নি-বীণা, বিষের বাঁশি, ভাঙার গান, সাম্যবাদী, সর্বহারা, ফণি-মনসা, জিঞ্জির, সন্ধ্যা, প্রলয় শিখা, দোলনচাঁপা, ছায়ানট, সিন্ধু হিন্দোল, চক্রবাক। |
| | • **উপন্যাস** | : বাঁধনহারা, মৃত্যু-ক্ষুধা, কুহেলিকা। |
| | • **গল্প** | : ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা। |
| | • **নাটক** | : ঝিলিমিলি, আলেয়া, মধুমালা, পুতুলের বিয়ে |
| | • **প্রবন্ধগ্রন্থ** | : যুগ-বাণী, দুর্দিনের যাত্রী, রাজবন্দীর জবানবন্দী, রুদ্রমঙ্গল । |
| | • **জীবনীগ্রন্থ** | : মরুভাস্কর [হযরত মুহম্মদ (স) এর জীবনীগ্রন্থ]। |
| | • **অনুবাদ** | : রুবাইয়াত-ই-হাফিজ, রুবাইয়াত-ই-ওমর খৈয়াম। |
| **সম্পাদিত পত্রিকা** | গণবাণী (১৯১৬), ধূমকেতু (১৯২২), লাঙ্গল (১৯২৫), দৈনিক নবযুগ (১৯২০)। | |
| **জীবনাবসান** | • **মৃত্যু তারিখ** | : **১৯৭৬ খ্রিষ্টাব্দে ২৯ আগস্ট।** (ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণ)। |




## মূলভাব লিখন

"আমার পথ" প্রবন্ধে নজরুল এমন এক 'আমি'র আহ্বান প্রত্যাশা করেছেন যার পথ সত্যের পথ; সত্য প্রকাশে তিনি নির্ভীক এবং অসংকোচ। তাঁর 'আমি' ভাবনা বিন্দুতে সিন্ধুর উচ্ছ্বাস জাগায়। কাজী নজরুল প্রতিটি মানুষকে পূর্ণ এক 'আমি'র সীমায় ব্যাপ্ত করতে চেয়েছেন; একইসঙ্গে, এক মানুষকে আরেক মানুষের সঙ্গে মিলিয়ে 'আমরা' হয়ে উঠতে চেয়েছেন। স্বনির্ধারিত এই জীবন-সংকল্পকে তিনি তাঁর মতো আরও যারা সত্যপথের পথিক হতে আগ্রহী তাদের উদ্দেশ্যে ছড়িয়ে দিতে চান। এই সত্যের উপলব্ধি কবির প্রাণপ্রাচুর্যের উৎসবিন্দু। তিনি তাই অনায়াসে বলতে পারেন, আমার কর্ণধার আমি। আমার পথ দেখাবে আমার সত্য। রুদ্র-তেজে মিথ্যার ভয়কে জয় করে সত্যের আলোয় নিজেকে চিনে নিতে সাহায্য করে নজরুলের এই 'আমি' সত্তা। তাঁর পথনির্দেশক সত্য অবিনয়কে মেনে নিতে পারে কিন্তু অন্যায়কে সহ্য করে না। সমাজ ও সমকাল পর্যবেক্ষণের মধ্য দিয়ে প্রাবন্ধিক দেখেছেন যে, সুস্পষ্টভাবে নিজের বিশ্বাস আর সত্যকে প্রকাশ করতে না জানলে তৈরি হয় পরনির্ভরতা, আহত হয় আমাদের ব্যক্তিত্ব। নজরুলের কাছে এই ভগ্ন আত্মবিশ্বাসের গ্লানি গ্রহণযোগ্য নয়। এর পরিবর্তে তিনি প্রয়োজনে দাম্ভিক হতে চান; কেননা তাঁর বিশ্বাস-সত্যের দম্ভ যাদের মধ্যে রয়েছে, তাদের পক্ষেই কেবল অসাধ্য সাধন করা সম্ভব। কাজী নজরুল এই প্রবন্ধে দেখিয়েছেন যে, তিনি ভুল করতে রাজি আছেন কিন্তু ভণ্ডামি করতে প্রস্তুত নন। ভুল জেনেও তাকে ঠিক বলে চালিয়ে দেবার কপটতা কিংবা জেদ তাঁর দৃষ্টিতে ভণ্ডামি। এই ভুল ব্যক্তির হতে পারে, সমাজের হতে পারে কিংবা হতে পারে কোনো প্রকার বিশ্বাসের। তবে তা যারই হোক আর যেমনই হোক এর থেকে বেরিয়ে আসাই কাজী নজরুলের একান্ত প্রত্যাশা। তিনি জানেন, এই বেরিয়ে আসা সম্ভব হলেই মানুষের সঙ্গে মানুষের প্রাণের সম্মিলন ঘটানো সম্ভব হবে। মনুষ্যত্ববোধ জাগ্রত হতে পারলেই ধর্মের সত্য উন্মোচিত হবে, এক ধর্মের সঙ্গে অপর ধর্মের বিরোধ মিটে যাবে। সম্ভব হবে গোটা মানব সমাজকে ঐক্যবদ্ধ করা; আর এই ঐক্যের মূল শক্তি হলো সম্প্রীতি। এই সম্প্রীতির বন্ধন শক্তিশালী হলে মানুষের মধ্যে সহনশীলতা বাড়ে। ভিন্ন ধর্ম- মত-পথের মানুষের প্রতি শ্রদ্ধাবোধ জাগে। আর এই সম্প্রীতির মধ্য দিয়ে উৎকৃষ্ট মানব সমাজ গড়ে তোলা সম্ভব।

অবশ্য পাঠ্য

## মূলভাব ভালো করার উপায়

- যেই গল্প থেকে মূলভাব আসবে সেই গল্পটি চোখ বন্ধ করে স্মরণ করতে হবে।
  **যেমন:-** 'মাসি-পিসি' গল্পের গল্পকথা চিন্তা করলে মাসি-পিসির জীবন সংগ্রাম দেখতে পাই।
- লেখক কোন উদ্দেশ্য নিয়ে গল্পটি লিখেছেন তা খুঁজে বের করতে হবে।
  **যেমন:-** আমার পথ প্রবন্ধে লেখক এমন এক আমির প্রত্যাশা করেছেন যে কিনা আত্মপ্রত্যয়ী হবে, ভুলের মধ্যদিয়ে গিয়ে সত্যকে ধারণ করবে।
- ৮-১০ টি সরল বাক্যের মধ্যে মূলভাবটি লিখে শেষ করতে হবে।
- গল্প/ কবিতা থেকে সরাসরি কোন অংশ উল্লেখ করা যাবে না।
- সহজ, সাবলীল ও প্রাঞ্জল ভাষায় লিখতে হবে।
- নতুন শব্দ ব্যবহারে অধিক নম্বর পাওয়া যাবে।
- লেখকের ব্যক্তিগত জীবন নিয়ে কোনো কিছু লেখা যাবে না।
- সাধু ও চলিত ভাষার মিশ্রণ করা যাবে না।
- বানান ব্যবহারে সতর্ক থাকতে হবে।




## উদ্ধৃত সংলাপ ও কবিতার উদ্ধৃতিতে ভালো করার উপায়

- প্রথমে উৎস লিখতে হবে। অর্থাৎ যে লাইনটি প্রশ্নে দেওয়া থাকবে সেটি কোন গল্পের বা কোন কবিতার সেটি উল্লেখ করতে হবে।
- লেখকের নাম লিখতে হবে এবং নামের পর জন্ম, মৃত্যু ও সাল যুক্ত করতে হবে। যেমন: কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬)।
- এরপর প্রসঙ্গ লিখতে হবে; যে লাইনটি প্রশ্নে উল্লেখ থাকবে সেটি কবিতা হলে সরাসরি ওই লাইনটির অর্থ এবং গল্প হলে সেটি কোন চরিত্র বলেছে এবং তার কারণ লিখতে হবে।
- পরবর্তীতে লাইনটির মূলভাব সরাসরি লিখতে হবে। কোনো অযাচিত বাক্য লিখা যাবে না। (যেমন: উল্লিখিত লাইনটি দ্বারা কী বোঝানো হয়েছে নিচে ব্যাখ্যা করা হলো/ বা লাইনটির অর্থ নিম্নরূপ)। এই ধরণের বাক্য ব্যবহার করা যাবে না।

**একটি উদাহরণের মাধ্যমে নিম্নে বিষয়টি স্পষ্ট করা হলো-**

**প্রশ্নঃ "আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া থরে থরে শহরের পথে" চরণটি আলোচনা কর ।**

**১. প্রথমে উদ্ধৃত অংশটির রচয়িতার নাম উল্লেখ করতে হবে।**

**২. রচয়িতার নামের পাশে তাঁর জন্ম এবং মৃত্যু সাল লিখতে হবে।**

**৩. প্রশ্নে উল্লিখিত অংশটির উৎস উপস্থাপন করতে হবে।**

**৪. গ্রন্থের নামে একক উদ্ধরণ চিহ্ন ('...') এবং ঐ গ্রন্থের কবিতা কিংবা প্রবন্ধ উল্লেখ করলেও একক উদ্ধরণ চিহ্ন ('... ') ব্যবহার করতে হবে।**

উত্তরঃ আলোচ্য অংশটি কবি শামসুর রাহমানের (১৯২৯-২০০৬) 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থের অন্তর্গত 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটিতে উল্লিখিত চরণটি দ্বারা শহরের পথে পথে ফুটে ওঠা কৃষ্ণচূড়া ফুলের দিকে দৃষ্টিপাতের কথা বলেছেন।

**৫. আলোচ্য অংশটি দ্বারা কী বুঝানো হয়েছে তা চার থেকে পাঁচ লাইনের মধ্যে ব্যাখ্যা করতে হবে।**

কবির মনে হয় যেন ভাষা-শহিদের রক্তের বুদ্বুদ কৃষ্ণচূড়া ফুল হয়ে ফুটেছে তাই একুশের কৃষ্ণচূড়াকে কবি আমাদের চেতনার রঙের সঙ্গে মিলিয়ে নিতে চান। ভাষার জন্য যাঁরা রক্ত দিয়েছেন, জীবন উৎসর্গ করেছেন তাঁদের ত্যাগ আর মহিমা যেন মূর্ত হয়ে ওঠে থরে থরে ফুটে থাকা লাল কৃষ্ণচূড়ার স্তবকে-স্তবকে।

## উদ্ধৃত সংলাপ লিখন

**০১. "মানুষ ধর্মই সবচেয়ে বড় ধর্ম"- ব্যাখ্যা কর।**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত "আমার পথ" প্রাবন্ধিক। এখানে মনুষ্যত্ব বোধকেই সবচেয়ে বড় করে দেখেছেন। ধর্মীয় বিভেদ ভুলে গিয়ে লেখক গোটা মানব জাতিকে সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। কেননা একটি শান্তিপূর্ণ মানবিক উপাদান সমৃদ্ধ সমাজ প্রতিষ্ঠা করতে হলে সাম্প্রদায়িক বিভেদ ভুলে গিয়ে মানবধর্মের মূলমন্ত্রে উজ্জীবিত হতে হবে। সমাজে বসবাসকারী সব ধর্মের, সব বর্ণের মানুষের মধ্যেকার ব্যবধান ঘোচাতে। 'মানুষ' পরিচয়টিকে সবার উপরে স্থান দিতে হবে। কেবল মনুষ্যত্ব বোধের জাগরণই ধর্মের প্রকৃত সত্য উন্মোচন করতে পারে। তাই প্রাবন্ধিক মানুষ ধর্মকে সবচেয়ে বড় ধর্ম বলেছেন।

**০২. "যার ভিতরে ভয়, সেই বাইরে ভয় পায়।" লাইনটি দ্বারা কী বোঝায়?**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে উল্লিখিত লাইনটি দ্বারা ভেতরে মিথ্যার ভয় লুকিয়ে রাখা ব্যক্তি কখনও যে বাইরে সত্যের মুখোশ ধারণ করতে পারে না সেই বিষয়টি ফুটে উঠেছে। নিজেকে চিনলে মানুষের মনে আপনা-আপনি এত বড় একটা জোর আসে যে সে আপন সত্য ছাড়া আর কাউকে কুর্নিশ করে না- অর্থাৎ কেউ তাকে ভয় দেখিয়ে পদানত রাখতে পারে না। কিন্তু যদি নিজের ভেতরে থাকে মিথ্যা তবে সেই ব্যক্তিই বাইরে ভয় পায়।

**০৩. "আমার কর্ণধার আমি। আমার পথ দেখাবে আমার সত্য।" লাইনটি ব্যাখ্যা কর।**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে উল্লিখিত লাইনটি দ্বারা সত্যের শক্তি এবং সত্যের সাথে পথ চলার বিষয়টি ফুটে উঠেছে। যার পথ সত্যের পথ; সত্য প্রকাশে যিনি নির্ভীক অসংকোচ তিনিই যেন নজরুলের সেই 'আমি' সত্তা। বুকের মধ্যে সত্যকে লালন করলে জীবনে কখনো মাথা নত করতে হয় না। নিজের কর্ণধার বলতে কারো সামনে নিজেকে গুটিয়ে রাখতে হয় না। এবং কেউ সাথে না থাকলেও কেবল সত্য জীবনের সকল পথ দেখাতে সক্ষম। উল্লিখিত লাইনটি দ্বারা এটিই প্রমাণিত হয়।

**০৪. কাজী নজরুলের আগুনের ঝাণ্ডা দুলিয়ে বের হবার উদ্দেশ্য কী?**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে দেশের পক্ষে যা মঙ্গলকর বা সত্য সেই সকলের খোঁজে তিনি আগুনের ঝাণ্ডা দুলিয়ে বের হয়েছেন। সত্যের সন্ধানে নজরুল ছিলেন সবচেয়ে অগ্রগামী। তিনি এমন এক আমির আহ্বান প্রত্যাশা করেছেন যার পথ সত্যের পথ; সত্য প্রকাশে তিনি নির্ভীক অসংকোচ।মনুষ্যত্ববোধে জাগ্রত হতে পারলেই ধর্মের সত্য উন্মোচিত হবে, এক ধর্মের সঙ্গে অপর ধর্মের বিরোধ মিটে যাবে। সম্ভব হবে গোটা মানব সমাজকে ঐক্যবদ্ধ করা; আর এই ঐক্যের মূল শক্তি হলো সম্প্রীতি। তাই তিনি আগুনের ঝাণ্ডা দুলিয়ে বের হয়েছেন পৃথিবীর সম্প্রীতি আনতে।

**০৫. কবি নিজেকে কেন "অভিশাপ রথের সারথি" বলে আখ্যা দিয়েছেন।**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে উল্লিখিত লাইনটি দ্বারা কবি সত্য কথা বলায় মিথ্যাবাদীর অভিশাপের কথা উল্লেখ করে নিজেকে অভিশাপ রথের সারথি আখ্যা দিয়েছেন। অনেক সময় খুব বেশি বিনয় দেখাতে গিয়ে নিজের সত্যকে অস্বীকার করে ফেলা হয়। ওতে মানুষকে ক্রমেই ছোট করে ফেলে, মাথা নিচু করে আনে। কিন্তু যদি সত্য বলে কোনো মিথ্যাবাদীর অভিশাপের স্বীকার হোন তবুও যেন সত্যকে আঁকড়ে ধরেন। অভিশাপ রথের সারথি হয়েও।

**০৬. "ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়।" লাইনটি ব্যাখ্যা কর।**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে ভুল থেকে শিক্ষা নেবার কথাটি বলেছেন। ভুলকে স্বীকার করে সত্যকে গ্রহণের কথাটিই নজরুল বলেছেন। কোনো ভুল করে বুঝতে পারলেই প্রাণ খুলে তা স্বীকার করতে হবে। কিন্তু না বুঝে নয়, ভয়েও নয়। ভুল করছি বা করেছি বুঝেও শুধু জেদের খাতিরে বা গোঁ বজায় রাখবার জন্যে ভুলটাকে ধরে থাকা যাবে না। তাহলে আমার আগুন সেই দিনই নিভে যাবে। তাই নজরুল উচ্চারণ করেছেন, 'ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়।

**০৭. "যার ভিতরে ভয়, সেই বাইরে ভয় পায়।" - ব্যাখ্যা কর।**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে অন্তঃসার শূন্য মেকি শক্তির ধারক যে বা যারা তারা সব সময়ই ভয়ে তটস্থ থাকে। সত্য মানুষকে মুক্তির পথে নিয়ে যায়, অন্যদিকে মিথ্যা মানুষকে ধ্বংসে পতিত করে। মানুষের মনে সত্য না থাকলে মিথ্যা বাসা বাঁধে। আর মিথ্যা যদি কারো মনে থাকে তাহলে সে এতটাই দুর্বল চিত্তের হয় যে, সে বাইরের সবকিছুকেই ভয় পায়। কেননা যার ভেতরে ভয় তার প্রাণ শক্তি দুর্বল। সে ভিতরে সত্য রক্ষা করতে পারে না, সত্যের উপর অটল থাকতে পারে না, সহজেই ভেঙে পড়ে।

**০৮. "স্পষ্ট কথা বলার একটা অবিনয় নিশ্চয় থাকে; কিন্তু তাতে কষ্ট পাওয়াটা দুর্বলতা।" লাইনটির তাৎপর্য লেখ।**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে উল্লিখিত লাইনটি দ্বারা সত্যকে যে সর্বদা উচ্চস্বরে উচ্চারণ করতে হবে এবং সেই দ্ব্যর্থ উচ্চারণে যে ভয় পাওয়া দুর্বলতা সেই কথাটি উল্লিখিত লাইনে মূল কথা। নিজকে চিনলে, নিজের সত্যকেই নিজের কর্ণধার মনে জানলে নিজের শক্তির ওপর অটুট বিশ্বাস আসে। সত্যের পথকে অবলম্বন করে এগিয়ে যেতে হবে। তাই কবি উচ্চারণ করেছেন, "স্পষ্ট কথা বলার কেটা অবিনয় নিশ্চয় থাকে; কিন্তু তাতে কষ্ট পাওয়াটা দুর্বলতা।"


**০৯. গান্ধীজির "আমি আছি" কথাটিকে সাধারণ মানুষ কীভাবে গ্রহণ করেছেন?**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে গান্ধীজির "আমি আছি" কথাটি সাধারণ মানুষ ধরে নিয়েছেন "গান্ধীজির আছেন"। নিজকে চিনলে, নিজের সত্যকেই নিজের কর্ণধার মনে জানলে নিজের শক্তির ওপর অটুট বিশ্বাস আষে। এই স্বাবলম্বন, এই নিজের ওপর অটুট বিশ্বাস করতেই শেখাচ্ছিলেন, মহাত্মা গান্ধীজি। কিন্তু আমরা তাঁর কথা বুঝলাম না, "আমি আছি" এই কথা না বলে সবাই বলতে লাগলাম "গান্ধীজি আছেন"।


**১০. "এ দম্ভ শির উঁচু করে, পুরুষ করে, মনে একটা 'ডোন্ট কেয়ার'-ভাব আনে।" লাইনটির তাৎপর্য বর্ণনা কর।**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে উল্লিখিত লাইনটি দ্বারা বুঝিয়েছেন যে সত্যকে নিজের পথ মানলে, সত্যের সাথে থাকলে এবং নিজের ভেতরে সত্যকে লালন করলে তার আর ভয় থাকে না। কোনো কিছু তার পথ রোধ করতে পারে না। মিথ্যার জটিলতা সেই সত্য আত্মকে কাবু করতে পারে না। জীবনের সাথে সত্যের শক্তি থাকলে নিজের ভেতরে যে সাহসটি আসে সেটিই মূলত কাউকে পরোয়া না করার ভাব। তাই নজরুল উচ্চারণ করেছেন, "এ দম্ভ শির উঁচু করে, পুরুষ করে, মনে একটা 'ডোন্ট কেয়ার'-ভাব আনে।"


**সর্বোচ্চ কমন পেতে আসপেক্ট সিরিজের অনন্য সহায়িকা.............**




আসপেক্ট GK



আসপেক্ট বাংলা



ENGLISH GRAMMAR



ENGLISH VOCABULARY

## বাক্য গঠনে ভালো করার কৌশল



১. বাক্য রচনা যেন দায়সারা না হয়। দায়সারা বাক্য রচনা করলে বাক্যটি ব্যাকরণগতভাবে শুদ্ধ হলেও তাতে পুরো নম্বর দেওয়া হবে না। তার কারণ, বাক্য রচনা একটি দক্ষতামূলক কাজ। তাই বাক্য রচনা করার সময় খেয়াল রাখতে হবে একটি বাক্যে কমপক্ষে ৫-৬টি শব্দ যেন অবশ্যই থাকে।
২. বাক্যের ভাবটি একেবারে সাদামাটা হলে বাক্য সুন্দর হয় না। বাক্যের ভাবটিই তার আসল সৌন্দর্য। তাই বাক্যের মধ্যে উপযুক্ত মহৎ ধারণা, প্রাকৃতিক সৌন্দর্য, মানবিক চেতনা, সুকুমার প্রবৃত্তি, সমাজবোধ ইত্যাদির প্রকাশ ঘটা বাঞ্ছনীয়।
৩. বাক্যের মধ্যে ছেদ বা যতি-চিহ্নের যথাযথ প্রয়োগ ঘটাতে হবে। এ জন্য ছেদ ও যতিচিহ্নের ব্যবহার ভালো মতো শিখে নিতে হবে।
৪. যে শব্দটি দিয়ে বাক্য রচনা করতে হবে, বাক্যের অন্যান্য শব্দগুলিকে তার সঙ্গে মানানসই হতে হবে। যেমন: 'পুষ্প' শব্দ দিয়ে বাক্য রচনা করতে হলে 'গাছ' শব্দের পরিবর্তে 'বৃক্ষ' শব্দটি ব্যবহার করতে হবে। গাছ-এর সঙ্গে পুষ্প বেমানান, কিন্তু বৃক্ষের সঙ্গে পুষ্প মানানসই।
৫. বাক্য রচনা করার সময় সাধু ও চলিত ভাষা মিশিয়ে ফেললে চলবে না। একে গুরুচণ্ডালী বলে। গুরুচণ্ডালী দোষ করলে বাক্য রচনা ভুল হয়েছে বলে ধরা হয়। তাই সব সময় চেষ্টা করতে হবে চলিত ভাষায় বাক্য রচনা করতে। যদি সাধু ভাষায় বাক্য রচনা করার কথা উল্লেখ করা থাকে, তবেই সাধু ভাষা ব্যবহার করা উচিত।
৬. বাক্যের মধ্যে ভাবগত সামঞ্জস্য রক্ষা করতে হবে। অবিশ্বাস্য তথ্য, অবিশ্বাস্য যুক্তি, অলৌকিক বা হাস্যকর কথা দিয়ে বাক্য রচনা করা চলবে না।
৭. বানানের দিকে নজর রাখতে হবে। বানান ভুল কখনোই কাম্য নয়।
৮. বাক্যে অবশ্যই শব্দশৈলীর দিকে নজর দিতে হবে। অর্থাৎ সুন্দর শব্দের ব্যবহারে ভালো নম্বর পাওয়া যাবে।

## বাক্য গঠন

| শব্দ | অর্থ | বাক্য |
|---|---|---|
| **কর্ণধার** | শিরোমণি | বাবা আমাদের পরিবারের কর্ণধার। |
| **কুর্নিশ** | মাথা নিচু করে সালাম করা | মহারাজকে কুর্নিশ করে উজির দাবী পেশ করলেন। |
| **বিপথ** | খারাপ পথ | মনকে বিপথে পরিচালনা করিও না। |
| **পথপ্রদর্শক** | তত্ত্বাবধায়ক | শিক্ষক আমাদের বড় পথপ্রদর্শক। |
| **আত্মনির্ভর** | নিজের উপর নির্ভরশীল | জীবনে সফল হতে প্রয়োজন আত্মনির্ভর হওয়া। |
| **মেকি** | ভুয়া | মেকি স্বপ্নে ভেসে কী লাভ। |
| **সম্মার্জনা** | ঘষা মাজা করে পরিষ্কার করা | জীবনকে সুন্দর করতে বদভ্যাসের সম্মার্জনা করতে হবে। |
| **দম্ভ** | অহংকার | মিথ্যা দম্ভ মানুষকে ধ্বংস করে। |
| **কর্ণধার** | মালিক | আজকের শিশুরাই আগামী দিনের কর্ণধার। |
| **পথপ্রদর্শক** | পথ দেখায় যে | কোরান মাজিদ সমগ্র মানব জাতির মুক্তির জন্য পথপ্রদর্শক হিসেবে এসেছে। |
| **স্বীকারোক্তি** | স্বীকার করা হয়েছে এমন উক্তি | অবশেষে কুখ্যাত ধর্ষক মজনু আদালতে স্বীকারোক্তি দিয়েছে। |
| **আত্মনির্ভরতা** | নিজের উপর নির্ভরতা | রোকেয়া সাখাওয়াত হোসেনের লেখনীর মূল উদ্দেশ্যই ছিল নারী জাতির আত্মনির্ভরতা অর্জন। |

## মিলকরণ

| A | B | উত্তর |
|---|---|---|
| ক. এই স্বাবলম্বন, এই নিজের ওপর অটুট বিশ্বাস করতেই শেখাচ্ছিলেন | ক. আত্মনির্ভরতা আসে | ক + ঘ |
| খ. নিজেকে চিনলে,নিজের সত্যকেই কর্ণধার মনে জানলে | খ. পরিহার করতে বলা হয়েছে | খ + চ |
| গ. যার ভেতরে ভয়, সেই বাহিরে ভয় পায় | গ. প্রাবন্ধিক কাজী নজরুল ইসলাম | গ + জ |
| ঘ. আত্মাকে চিনলে | ঘ. মহাত্মা গান্ধী | ঘ + ক |
| ঙ. আমার পথ প্রবন্ধে ভন্ডামি | ঙ. প্রাবন্ধিক | ঙ + খ |

| A | B | উত্তর |
|---|---|---|
| চ. নিজেকে চিনেন | চ. নিজের ওপর অটুট বিশ্বাস আসে | চ + গ |
| ছ. আত্মাকে চেনার সহজ স্বীকারোক্তি | ছ. অভিশাপ রথের সারথী | ছ + ঝ |
| জ. দাসত্ব সম্পূর্ণ মুক্ত | জ. উক্তিটি আমার পথ প্রবন্ধের | জ + ঙ |
| ঝ. অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না | ঝ. নিজ সত্যকে চেনা | ঝ + ঞ |
| ঞ. স্পষ্ট কথা বলে | ঞ. যারা নিজ ধর্মকে চিনে | ঞ + ছ |

## পরীক্ষায় যেভাবে আসে

**০১. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক-ঘ) উত্তর দাওঃ** **২.৫×৪=১০**

যার ভিত্তি পঁচে গেছে, তাকে একদম উপড়ে ফেলে নতুন করে ভিত্তি না গাঁথলে তার ওপর ইমারত যতবার খাড়া করা যাবে, ততবারই তা পড়ে যাবে। দেশের শত্রু, দেশের যা-কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি তা সব দূর করতে প্রয়োজন হবে আগুনের সম্মার্জনা! আমার এমন গুরু কেউ নেই, যার খাতিরে সে আগুন সত্যকে অস্বীকার করে মিথ্যা বা ভণ্ডামিকে প্রশ্রয় দেবো। আমি সে দাসত্ব হতে সম্পূর্ণ মুক্ত। আমি কোনো দিনই কারুর বাণীকে বেদবাক্য বলে মেনে নেব না, যদি তার সত্যতা প্রাণে তার সাড়া না দেয়। না বুঝে বোঝার ভণ্ডামি করে পাঁচ জনের শ্রদ্ধা আর প্রশংসা পাবার লোভ আমি কোনো দিনই করবো না।

**ক) নজরুল 'আগুনের সম্মার্জনা' বলতে কী বুঝিয়েছেন?**

**উত্তর** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) সুবিখ্যাত প্রবন্ধগ্রন্থ 'রুদ্র-মঙ্গল' থেকে সংকলিত 'আমার পথ' প্রবন্ধে বলেছেন 'দেশের শত্রু, দেশের যা-কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি তা সব দূর করতে প্রয়োজন হবে আগুনের সম্মার্জনা!' তথা আমাদের চারপাশে মিথ্যার যে জাল ছড়িয়ে আছে। যে ব্যক্তিগণ মিথ্যাকে আশ্রয় করে দেশের মহান স্থানে আরোহন করেন তাদেরকে দেশের শত্রু ঘোষণা করেছেন। এই মিথ্যাবাদীদের, ভণ্ডদের তিনি আগুনে পুড়ে পরিষ্কার করার কথা বলেছেন।

**খ) কারও বাণীকে বেদবাক্য মনে না করায় লেখকের কোন দৃষ্টিভঙ্গির বিষয়টি পরিলক্ষিত হয়?**

**উত্তর** কারো বাণীকে বেদবাক্য মনে না করাকে আত্মনির্ভরশীলতার লক্ষণ হিসেবে আখ্যা দেওয়া যায়। নজরুল সত্য প্রকাশের দুরন্ত সাহস নিয়ে আমৃত্যু সকল অন্যায় ও শোষণের বিরুদ্ধে ছিলেন সোচ্চার, প্রতিবাদী। যদি কারো সত্যতা প্রাণে সাড়া না দেয় তবে মেকি শ্রদ্ধা করতে লেখক রাজি নন। তাই বলতে পারি সত্যকে সত্য হিসেবে গ্রহণ করার সাহসিকতা তিনি দেখিয়েছেন কিন্তু কাউকে মিথ্যা শ্রদ্ধা করতে লেখক প্রস্তুত নন।

**গ) যার ভিত্তি পঁচে গেছে তাকে কেন উপড়িয়ে ফেলার কথা বলা হয়েছে ? ব্যাখ্যা কর।**

**উত্তর** ভিত্তি কোনো অবকাঠামো নির্মাণ করার সবচেয়ে জরুরি বিষয়। বড় ইমারত নির্মাণ হতে হলে শক্ত ভিত্তির প্রয়োজন। তেমনি একজন মানুষ হিসেবে গড়ে উঠতে প্রয়োজন ভিত্তি। সত্যের সুদৃঢ় ভিত্তি যদি থাকে তবেই সত্য প্রকাশের শক্তি জন্ম নিবে। কিন্তু ভিত্তি যদি মিথ্যা হয়, মেকি হয় তবে সেখানে কখনও ভালো মূল্যবোধের উচ্চ স্তম্ভ দাঁড় করানো সম্ভব নয়। তাই নজরুল তার প্রবন্ধে ভিত্তি পঁচা, মিথ্যার আশ্রয় নেয়া মানুষের জন্য সমাধান হিসেবে ভিত্তি উপড়িয়ে ফেলার কথাটি বলেছেন।

**ঘ) অনুচ্ছেদটির মূল বক্তব্য সংক্ষেপে আলোচনা কর।**

**উত্তর** অনুচ্ছেদটি কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে। এখানে মিথ্যার ভিত্তি উপড়িয়ে সত্যের সাথে থাকার কথা বলা হয়েছে। যা কিছু মিথ্যা, মেকি তা ত্যাগ করতে হবে নতুবা আগুনের সম্মার্জনা দ্বারামিথ্যার ভিত্তিতে যে কখনও সত্যের ভবন নির্মাণ সম্ভব নয় সেই কথাটি বুঝিয়েছেন। তাই ভণ্ডামি, মেকি এবং যা কিছু মিথ্যা সেসব ভিত্তি গোড়া থেকে উপড়িয়ে গেলে তবেই সত্য, মূল্যবোধের স্তম্ভ দাঁড় করানো সম্ভব।

## অনুশীলনী (নিজেরা করি)

**০১. অনুচ্ছেদটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক-ঘ) উত্তর দাওঃ** **২.৫×৪=১০**

আমি কোনো দিনই কারুর বাণীকে বেদবাক্য বলে মেনে নেব না, যদি তার সত্যতা প্রাণে তার সাড়া না দেয়। না বুঝে বোঝার ভণ্ডামি করে পাঁচ জনের শ্রদ্ধা আর প্রশংসা পাবার লোভ আমি কোনো দিনই করবো না। ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়। কোনো ভুল করছি বুঝতে পারলেই আমি প্রাণ খুলে তা স্বীকার করে নেব। কিন্তু না বুঝেও নয়, ভয়ে নয়। ভুল করছি বা করেছি বুঝেও শুধু জেদের খাতিরে বা গোঁ বজায় রাখবার জন্যে ভুলটাকে ধরে থাকব না। তাহলে আমার আগুন সেই দিনই নিভে যাবে। একমাত্র মিথ্যার জলই এই শিখাকে নিভাতে পারবে। তাছাড়া কেউ নিভাতে পারবে না।

**ক. কারো বাণীকে বেদবাক্য মনে না করায় লেখকের কোন দৃষ্টিভঙ্গির বিষয়টি ফুটে উঠেছে?**

**খ. ভুলের মধ্য দিয়ে শিক্ষা গ্রহণের কথাটি বিশ্লেষণ কর।**

**গ. "মিথ্যার জলই এই শিখাকে নিভাতে পারবে।" উক্তিটির প্রেক্ষাপট আলোচনা কর।**

**ঘ. উল্লিখিত অনুচ্ছেদের মূল বক্তব্য ব্যাখ্যা কর।**